প্রিসেপটর্স পাবলিকেশন্স থেকে শীঘ্রই প্রকাশিত হতে যাচ্ছে-
'প্রিসেপটর্স বিসিএস প্রিলিমিনারি প্রশ্নব্যাংক'



১. **Borrowing (অন্য ভাষার শব্দ ব্যবহার):** এই কৌশলটি translation কে সাবলীল করার জন্য ব্যবহৃত হয়। ইংরেজি ভাষায় এমন অনেক শব্দ বা terms রয়েছে যেগুলোর বিপরীতে ব্যবহারযোগ্য শব্দ বাংলা ভাষায় নেই। সেক্ষেত্রে ঐ ইংরেজি শব্দগুলো আমরা সরাসরি বাংলা অনুবাদে ব্যবহার করতে পারি। যেমন:

"..... debarring banks and financial institutions from speculative position taking in **commodity futures**...." (Bangladesh Bank, cash officer-2017)

এখানে commodity future নামে একটি financial term ব্যবহৃত হয়েছে যার সংজ্ঞা থাকলেও বাংলায় এর বিপরীতে ব্যবহারযোগ্য term নেই। তাই আমরা অনুবাদ নিম্নভাবে করব:

"..... কমোডিটি ফিউচারে ফটকা বিনিয়োগ থেকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বিরত রাখা..."

এই যে আমরা সরাসরি 'কমোডিটি ফিউচার' ব্যবহার করলাম এটাই Borrowing.

☑ **More Examples:**

- ♦ "...thanks to a burgeoning market in **greenhouse gas** emission credits put into effect by the Kyoto Protocol..." (Bangladesh Krishi Bank SO-2011)
"...কিয়োটো প্রটোকল কর্তৃক কার্যকরকৃত গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ বাণিজ্যের বিকাশমান বাজারের কল্যাণে..."
- ♦ "...**sanitation** is a way of life..." (Janata Bank Ltd EO-2012)
"...স্যানিটেশন হলো এক ধরনের জীবন ব্যবস্থা..."
- ♦ "...an opportunity to build better relationships with all **stakeholders**..." (Bangladesh Krishi Bank Inspector-2012)
"...সব স্টেইকহোল্ডারদের সাথে অধিকতর ভালো সম্পর্ক গঠন করার একটি সুযোগ..."
- ♦ "...Both borrowers and lenders in the **sub-prime mortgage market**..." (Rupali Bank Ltd. (SO)-2013)
"...সাব-প্রাইম মর্গেজ মার্কেটে ঋণ দাতা ও গ্রহীতা উভয়ই..."
- ♦ "...with no **down payments**..." (Rupali Bank Ltd. (SO)-2013)
"...কোন রকম ডাউন পেমেন্ট না দিয়ে..."
- ♦ "...to secure its foreign exchange **reserve**..." (Meghna Bank Ltd. (MTO)-2014)
"...বৈদেশিক মুদ্রার রিজার্ভ রক্ষার্থে..."

২. **Calque (বিদেশি ভাষার অনুকরণে নতুন শব্দ গঠন):** এটি অনুবাদে প্রচুর ব্যবহৃত হয়। অন্য ভাষার কোন Phrase বা শব্দগুচ্ছের প্রতিটি শব্দের আভিধানিক অর্থের সমন্বয়ে নতুন শব্দগুচ্ছ তৈরি করাই calque. যেমন- **Free market economy** একটি অর্থনৈতিক ধারণা বা বিদেশে উদ্ভাবিত হয়েছে। তাই এর বিপরীতে ব্যবহারযোগ্য phrase আগে থেকে বাংলা ভাষায় থাকা সম্ভব না। তাই Phrase টিকে অনুবাদ করা হয়েছে নিম্নরূপে:

- ♦ Free- মুক্ত
- ♦ Market- বাজার
- ♦ Economy- অর্থনীতি

অর্থাৎ হুবহু আভিধানিক অর্থ ব্যবহার করে নতুন শব্দগুচ্ছ বানানো হয়েছে মুক্তবাজার অর্থনীতি। এই পদ্ধতিকে বলা হয় calque.

☑ **More Examples:**

- ♦ "...The **post-crisis global economy** on two track recovery path..." (Bangladesh Development Bank Ltd. (Officer)-2014)
"...দ্বিমুখী উত্তরণের পথে থাকা সংকট পরবর্তী বিশ্ব অর্থনীতি..."
- ♦ "...the trouble-hit **Middle Eastern countries**..." (Bangladesh Development Bank Ltd. (Officer)-2014)
"...সমস্যায় জর্জরিত মধ্যপ্রাচ্যের দেশগুলো..."
- ♦ "...**Medium Term Budgetary Framework (MTBF)** is an effective measure for redressing the problems emanating from the short time limit of the annual budget ..." (Pubali Bank Ltd. (Officer/SO)-2014)
"...বাজেটের স্বল্প টার্মের সময়ের ক্ষেত্রে যে ধরনের সমস্যা হয় তা মধ্যমেয়াদী বাজেটারি কাঠামোর (এমটিবিএফ) মাধ্যমে প্রতিবিধান করা সম্ভব..."
- ♦ "...This conducive environment starts with providing the **macro-economic** fundamentals for **financial inclusion**..." (Pubali Bank Ltd. (JSO-Cash)-2014)
"...আর্থিক অন্তর্ভুক্তির সামষ্টিক অর্থনৈতিক কাঠামো প্রদানের মাধ্যমে এই সুষ্ঠু পরিবেশের সূচনা হয়..."

4. কোন কিছু করা প্রয়োজন ছিল না, কিন্তু করা হয়েছে বোঝাতে needn't + have + V₃ হয়।
- ♦ তোমার বইটা কেনার দরকার ছিল না (কিন্তু তুমি কিনেছ) = You needn't have bought the book.

Use of 'Dare'

1. স্পর্ধা বা সাহস বোঝাতে dare ব্যবহৃত হয়।
 - ♦ তার মিথ্যা বলার সাহস আছে = He dares to tell a lie.
2. Dare-ও শুধু negative এর সময় auxiliary হিসেবে ব্যবহৃত হয়। তখন dare not + V₁ হয়। অন্যথায় dare + to + V₁ হয়।
 - ♦ সে কথা বলা সাহস করেছিল = He dared to speak.
 - ♦ সে কথা বলতে সাহস করেনি = He dared not speak.
3. Dare যখন auxiliary হিসেবে ব্যবহৃত হয় তখন তার সাথে কখনও 's' যুক্ত হয় না।
 - ♦ সে একথা বলতে সাহস করে না = He dare not say it.

Use of 'Used (to)'

1. Used to এমন একটি verb যার কোন present form নেই। অর্থাৎ কেউ যদি বলে 'I use to go to school' তাহলে তা হবে না। তাই, Used to একটি defective verb।
2. অতীতে কেউ কোন কাজ করত কিন্তু এখন করে না বোঝাতে used to ব্যবহৃত হয়। এক্ষেত্রে used to + V₁ হয়।
 - ♦ আমি নদীতে সাঁতার কাটতাম। (কিন্তু এখন আর কাটি না) = I used to swim in the river.
3. Negative এর ক্ষেত্রে Used not to অথবা did not use to উভয়ই ব্যবহৃত হয়।
 - ♦ আমি ধূমপান করতাম না (কিন্তু এখন করি) = I did not use to/used not to smoke.
4. কেউ কোন কাজে অভ্যস্ত বোঝালে be verb + used to + (V + ing) হয়।
 - ♦ সে মাছ ধরতে অভ্যস্ত = He is used to fishing
 - ♦ আমি ক্রিকেট খেলতে অভ্যস্ত ছিলাম = I was used to playing cricket.

Section-04: Translation of Passive Sentences

♦ সে অত্যাচারিত হয়েছিল = He was tortured
বাক্যটি ভালো করে লক্ষ্য করলে দেখা যাবে বাক্যের subject (কর্তা) হচ্ছে 'He' কিন্তু ক্রিয়া অর্থাৎ অত্যাচার করার কাজটি তার দ্বারা সম্পন্ন হয়নি বরং অন্য কেউ তাকে কেন্দ্র করে কাজটি সম্পাদন করেছে। আমরা জানি যে/যাকে কেন্দ্র করে কাজ সম্পাদন করা হয় সে object (কর্ম), আর যে কাজ করে সে subject (কর্তা)। কিন্তু এই বাক্যটিতে কর্মই কর্তৃস্থানীয়। যে সকল বাক্যে কর্ম কর্তার স্থানে অবস্থান করে তাদের **passive sentence** (কর্মবাক্য) বলে।

বাক্যটিকে সাধারণভাবে চিন্তা করলে বাক্যটি হয়:

- ♦ কেউ তার ওপর অত্যাচার করেছিল
= Someone tortured him.

বাক্যটিকে **passive** করলে:

- ♦ সে কারও দ্বারা অত্যাচারিত হয়েছিল
= He was tortured by someone.

শুরুর বাক্যটি শুধু underlined অংশ দিয়ে গঠিত। অর্থাৎ কর্মবাক্যে কাজটিই মুখ্য, কে করেছে তা নয়। কর্তাকে চাইলে উহ্য রাখা যায়।

□ Passive sentences according to tense:

Passive sentence translation এর ক্ষেত্রে মূখ্য বিষয় হচ্ছে verb এর সঠিক form নির্বাচন। আর verb এর ওপর সবচেয়ে বেশি প্রভাব ফেলে tense. তাই আমাদের

tense অনুযায়ী passive sentence এ verb এর ব্যবহার ও passive sentence দেখে tense শনাক্তকরণ শিখতে হবে।

☑ Present Indefinite Tense:

এক্ষেত্রে passive sentence এ বাংলা বাক্যের শেষে 'হয়' (করা হয়, যাওয়া হয় ইত্যাদি) থাকে ও ইংরেজি বাক্যে **am/is/are + V₃** হয়।

- ♦ আমার দ্বারা পানি পান করা হয় = Water is drunk by me
- ♦ তলোয়ার দ্বারা শত্রুদের হত্যা করা হয় = Enemies are killed with sword.

[ব্যক্তির দ্বারা ক্রিয়া সম্পাদিত হলে by ও বস্তুর দ্বারা ক্রিয়া সম্পাদিত হলে with বসে]

☑ Present Continuous Tense:

এই tense এর passive sentence এ বাংলা বাক্যের শেষে সাধারণত 'হচ্ছে' (করা হচ্ছে, ধরা হচ্ছে ইত্যাদি) থাকে আর ইংরেজি বাক্যে **am/is/are + being + V₃** হয়।

- ♦ কাজটা করা হচ্ছে = The work is being done.
- ♦ দেশটিকে উন্নত করা হচ্ছে = The country is being developed.

☑ Present Perfect Tense:

বাংলা বাক্যের শেষে 'হয়েছে' (মারা হয়েছে, কেনা হয়েছে) থাকে ও ইংরেজি বাক্যে **has/have + been + V₃** হয়।

- ♦ চোরটিকে ধরা হয়েছে = The thief has been caught.
- ♦ কলমটি কেনা হয়েছে = The pen has been bought.

☑ **Connectives for Summary:**

অনেকগুলো বাক্যের মূলকথা বা মূল বিষয়বস্তু এক কথায় বলার ক্ষেত্রে এই connective-গুলো ব্যবহৃত হয়।

Connectives	Meaning	Sentence	Translation
In brief / In short	সংক্ষেপে বলতে গেলে	In brief/In short, he was a timid person.	সংক্ষেপে বলতে গেলে, তিনি একজন ভীরা ব্যক্তি ছিলেন।
In conclusion	উপসংহারে	In conclusion, the contribution of freedom fighters is unforgettable.	উপসংহারে, মুক্তিযোদ্ধাদের অবদান অবিশ্বরণীয়।
In a word	এক কথায়	In a word, he is a generous person.	এক কথায়, তিনি একজন উদার ব্যক্তি।

☑ **Connectives for Suggestion:**

কোন প্রস্তাব প্রদানের জন্য বা কোন উপদেশ বা পরামর্শ দেয়ার ক্ষেত্রে এই connective-গুলো ব্যবহৃত হয়।

Connectives	Meaning	Sentence	Translation
For this purpose	এই উদ্দেশ্যে	For this purpose, we should work together.	এই উদ্দেশ্যে, আমাদের একসাথে কাজ করা উচিত।
To this end	এই লক্ষ্যে	To this end, the following restrictions will be put in place immediately at City Hall.	এই লক্ষ্যে, সিটি হলে অবিলম্বে নিম্নলিখিত বিধিনিষেধগুলি কার্যকর করা হবে।
With this in mind	এটি মাথায় রেখে	With this in mind, you should study routine wise.	এটি মাথায় রেখে, তোমার রুটিন অনুযায়ী অধ্যয়ন করা উচিত।

Section-06: Important Sentence Structures

এই অধ্যায়টিতে এমন কিছু sentence structure এর বর্ণনা দেয়া হয়েছে যেগুলো uncommon কিন্তু ভালো Translation করতে এদের বিকল্প নেই। তাই যারা উচ্চ মানের Translation করতে চায় তাদের জন্য এই অধ্যায়টি অনেক গুরুত্বপূর্ণ।

1. **All + Subject + Verb + be verb + ext.....**

এই structure টি সাধারণত জোড় দেয়ার ক্ষেত্রে ব্যবহৃত হয়। অর্থাৎ যদি বলা হয়-

◆ আমি তোমার জন্য সবকিছু করেছি = I have done everything for you.

কিন্তু যদি বলা হয়:

◆ আমি যা করেছি সব তোমার জন্য

= All I have done is for you

এক্ষেত্রে দ্বিতীয় বাক্যটি ১ম বাক্যটির অর্থই প্রকাশ করেছে শুধু একটু জোড় দিয়ে।

More example:

◆ আমি শুধু যা চাই তা হলো টাকা = All I want is money

2. **Negative verb + any the + comparative**

পরিস্থিতি আগের তুলনায় কোনরকম পরিবর্তিত হয়নি (ভাল বা খারাপ) বোঝাতে উক্ত structure টি ব্যবহৃত হয়।

◆ আমি ওষুধ খেলাম কিন্তু আমার কোন উন্নতি হলোনা

= I took the medicine but I wasn't any the better.

3. **As + adjective + as**

কোন কিছু অন্য কোন কিছুর তুলনায় কোন দিক দিয়ে সমান বোঝাতে উপরের structure টি ব্যবহৃত হয়।

◆ সে আমার মতই শক্তিশালী = He is as strong as I.

4. **As + much/many + as**

যত.... তত অর্থ বোঝাতে structure টি ব্যবহৃত হয়।

◆ যত পার তত খাও = Eat as much as you can

◆ সে যতজন পারলো ততজন জোগাড় করল = He gathered as many people as he could.

5. **As + clause + so + clause**

যেমন ... তেমন অর্থ প্রকাশে ব্যবহৃত হয়।

অর্থাৎ, as + (action) + as + (result)

◆ সে যেমন তাকে মেরেছে, তেমনি নিজেও মেরেছে = As he killed him, so he died.

6. **Subject + be + being + adj +**

কেউ নিজের স্বভাবের বিরুদ্ধে গিয়ে কোন আচরণ করছে বোঝাতে structure টি ব্যবহৃত হয়। অর্থাৎ যদি বলা হয়,

'He is honest' তার অর্থ 'সে সৎ'/কিন্তু He is being honest মানে সে সৎ সাজছে। অর্থাৎ সে সাধারণত সৎ নয়।

More example:

◆ সে জ্ঞানীর ভাব করছে = He is being wise.

◆ তুমি ছেলেমি করছ = You are being silly.

সঠিক অনুবাদ হবে—

- ♦ **I am better today.**
- ♦ আমরা সামনের দিকে অগ্রসর হলাম
= We advanced forward.

'advance' মানেই সামনের দিকে অগ্রসর হওয়া। তাই 'forward' শব্দটির প্রয়োগ এখানে Redundancy। এই বাক্যটির সঠিক অনুবাদ দুইভাবে হতে পারে।

- We advanced.
- We moved forward.

- ♦ আমরা পায়ে হেটে স্কুলে যাই
= We go to school walking on foot

'walk' মানেই হাটা। তাই 'on foot' ব্যবহার করার দরকার নেই। আবার 'on foot' ব্যবহার করলে walk ব্যবহার করার প্রয়োজন নেই। সঠিক অনুবাদ হবে।

- We go to school walking অথবা,
- We go to school on foot

আরেক ধরনের Redundancy রয়েছে যেখানে একই বাক্যাংশ বারবার ব্যবহার করা হয় যেটি দরকার নেই। উদাহরণের সাহায্যে বিষয়টি পরিষ্কার করি।

BHFC SO-2017 তে বাংলা থেকে ইংরেজি অনুবাদে এরকম একটি বাক্য এসেছিল।

- ♦ তরলতা ও জীবজন্তুর বৃদ্ধির ওপর তাদের নিজেদের কোনো হাত নেই, মানুষের বৃদ্ধির ওপরে তার নিজের হাত রয়েছে।
= Plants and animals have no control over their growth but a man has control over his growth.

এখানে 'have control over his growth' অংশটি ২ বার ব্যবহৃত হয়েছে যা সঠিক নয়। বরং অনুবাদটি এভাবে করলে সুন্দর ও সঠিক হত-

Plants and animals have no control over their growth but a man has.

Mistake - 2: Faulty Parallelism

বাক্যের শব্দগুলো ব্যবহারে সামঞ্জস্য বজায় রাখাকে parallelism বলে। অর্থাৎ ধারাবাহিক কিছু তথ্য বা বিষয় যখন বাক্যে থাকে সেগুলো প্রকাশ করতে একই structure ব্যবহার করাই parallelism। বাক্যে parallelism বিঘ্নিত হলে বাক্যটি সম্পূর্ণ ভুল একটি বাক্যে পরিণত হয়।

Examples:

- ♦ আমরা খেতে ও ঘোরাঘুরি করতে গিয়েছিলাম
= We went to eat and roaming around

যেহেতু, প্রথম কাজে ক্ষেত্রে 'to eat' অর্থাৎ 'infinitive' use করা হয়েছে। তাই পরের কাজ প্রকাশ করতেও 'infinitive' use করতে হবে। ∴ সঠিক অনুবাদ হবে,

- We went to eat and roam around.

- ♦ সে ধীরে ও নিঃশব্দে হাটল
= He walked slowly and silent.

উক্ত বাক্যে parallelism রক্ষা করতে 'slowly' এর পর 'silently' use করতে হবে।

- He walked slowly and silently.

Mistake-3: Use of Double Negatives

এমন কিছু ইংরেজি শব্দ আছে যেগুলো নিজেরাই negative অর্থ প্রকাশ করে। তাই এদের সাথে not, no, do not ইত্যাদি ব্যবহার করা যায় না। সাধারণত hardly, scarcely, until, unless, seldom, lest, none, nobody, nowhere ইত্যাদি শব্দগুলো negative meaning প্রকাশ করে।

- ♦ আমি তাকে কোথাও খুঁজে পেলাম না।

Incorrect translation: I did not find him nowhere.

Correct translation: I found him nowhere

অথবা, I did not find him anywhere.

- ♦ আমার মনে হয় না সে এ কাজ করেছে

Incorrect translation: I hardly do not think that he has done this

Correct translation: I hardly think that he has done this অথবা, I do not think that he has done this.

Mistake-4: Pronoun-antecedent Disagreement

আমরা সবাই জানি pronoun বাক্যে ব্যবহৃত হয় কোন noun বা pronoun এর পরিবর্তে। যেই word এর পরিবর্তে pronoun ব্যবহৃত হয় তাকে antecedent বলে। প্রত্যেকটি pronoun এর একটি antecedent থাকে। আর antecedent অনুযায়ী pronoun পরিবর্তিত হয়। যদি antecedent অনুযায়ী pronoun সামঞ্জস্যপূর্ণভাবে ব্যবহৃত না হয়, তখন তাকে pronoun antecedent disagreement বলে। Examples:

- ♦ প্রত্যেকেরই উচিত তার শরীরের যত্ন নেয়া

= Everyone should take care of their health.

Antecedent যেহেতু 'Everyone', তাই এর পরিবর্তে 'their' ব্যবহার করা যাবে না। সঠিক অনুবাদ হবে-

- Everyone should take care of his health.

- ♦ তাদের প্রত্যেকেই যথাসাধ্য চেষ্টা করেছিল = Each of them did their best.

Antecedent যেহেতু 'each' তাই pronoun হিসেবে their বসানো যাবে না। সঠিক অনুবাদ হবে।

- Each of them did his best.

লিখিত পরীক্ষায় ভাল অনুবাদ করতে গেলে ভাল ইংরেজি লিখতে জানতে হবে। বিশেষ করে বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করতে গেলে ইংরেজিতে পারদর্শী হওয়ার বিকল্প নেই। ভাল একটি অনুবাদ করতে পারা মানে হল ইংরেজি ভাষার উপর আপনার চমৎকার দখল রয়েছে। প্রশ্ন জাগতে পারে যে, এই বয়সে কি আর ভাষাগত দক্ষতা বৃদ্ধি করা সম্ভব? বই পড়ে কি ভাল ইংরেজি শিখা সম্ভব? আসলে ইংরেজি আর বাংলাতে লিখার মধ্যে কোন পার্থক্য নাই। আপনি বাংলাতে ভাল লিখতে পারেন। এর একটি বড় কারণ আপনার বাংলা শব্দ সম্ভার সমৃদ্ধ। আপনি বলবেন যে, আমার তো ইংরেজি শব্দভান্ডারও সমৃদ্ধ। আমি অনেক Vocabulary মুখস্থ করেছি। তারপরেও তো লিখতে পারছি না। এর কারণটা ব্যাখ্যা করছি।

আসলে আপনি বাংলা শব্দগুলো যেভাবে শিখেছেন, ইংরেজি শব্দগুলো ওভাবে শিখেননি। একে বাংলা আপনার মাতৃভাষা, তার উপরে বাংলা ভাষায় বিভিন্ন বিষয়ের উপর বই পড়েছেন আপনি। এতে বিভিন্ন Context বাংলা ভাষার কোন শব্দ কিভাবে ব্যবহার হয়, তা আপনার জানা হয়ে গেছে। কিন্তু ইংরেজির ক্ষেত্রে আপনি শুধু শব্দ মুখস্থ করেছেন। ফলে আপনি এর প্রয়োগ করতে পারছেন না।

এখানে আমাদের শিখন পদ্ধতির ত্রুটির কথাই আমি উল্লেখ করব। কারণ, আপনি ইংরেজিতে শিখেছেন কিছু গ্রামার আর কিছু শব্দ। Basic Grammar অবশ্যই প্রয়োজন। কিন্তু শব্দের ক্ষেত্রে আপনাকে শিখানো উচিত ছিল বিভিন্ন প্রেক্ষাপটে শব্দগুলোর ব্যবহার। আরও সহজ করে বললে PHRASE শিখানো উচিত ছিল। যেটা কেউ করেনি। উদাহরণ দিয়ে পরিষ্কার করছি।

'Bear a great significance' এই PHRASE টির অর্থ হচ্ছে 'বিশেষ তাৎপর্য বহন করা'। এখন আপনি পরীক্ষার হলে লিখতে চাচ্ছেন যে, মুক্তিযুদ্ধ আমাদের জাতীয় জীবনে বিশেষ তাৎপর্য বহন করে। এর ইংরেজি হবে-"the liberation war bears a great significance in our national life"। আপনি প্রতিটা শব্দের ইংরেজিই জানেন। কিন্তু পরীক্ষার হলে লিখতে পারছেন না। কারণ, আপনি পরীক্ষার হলে দ্বিধাশ্রিত হয়ে যাচ্ছেন যে এখানে কোন শব্দ ব্যবহার করবেন। কারণ, Bear অর্থ বহন করা আবার Carry অর্থ বহন করা। আবার Particular অর্থ বিশেষ। কিন্তু Particular Significance ব্যবহার করা যাচ্ছে না।

তো এত দ্বিধাশ্রিতের মধ্যে আপনি ইংরেজি কিভাবে শিখবেন? ইংরেজি শিখতে হলে তাই আপনাকে "PHRASE TECHNIQUE" ব্যবহার করতে হবে। PHRASE TECHNIQUE হচ্ছে আপনি বিভিন্ন বিষয়ের উপর আর্টিকেল পড়ার সময় গুরুত্বপূর্ণ PHRASE গুলো বাক্যসহ লিখে রাখবেন। এবং তার অনুবাদ করে ফেলবেন। এভাবে চেষ্টা করলে আপনার ইংরেজি নিশ্চিতভাবে উন্নত হবে। যদি জটিল বাক্য সম্পূর্ণ নাও বুঝেন, চিন্তিত হওয়ার কিছু নেই। জটিল বাক্যটি থেকে কিছু PHRASE ও যদি অর্থসহ শিখতে পারেন, তাতেও আপনার ইংরেজির দক্ষতা নিশ্চিতভাবে বৃদ্ধি পাবে। নিচের উদাহরণটি দেখলেই পরিষ্কার হয়ে যাবে:

Phrase	Meaning of Phrase	Sentence	Translation
Armed struggle	সশস্ত্র সংগ্রাম	The armed struggle was the ultimate manifestation of a series of events , situations and issues contributing to the progressively deteriorating relations between East and West Pakistan.	এই সশস্ত্র সংগ্রাম ছিল পর পর ঘটে যাওয়া অনেকগুলো ঘটনা, পরিস্থিতি ও ইস্যু যেগুলো পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে ক্রমাবনতিশীল সম্পর্কের নিয়ামক সেগুলোর চূড়ান্ত বহিঃপ্রকাশ।
Ultimate manifestation	চূড়ান্ত বহিঃপ্রকাশ		
Series of events	পর পর ঘটে যাওয়া অনেকগুলো ঘটনা		
Progressively deteriorating relations	ক্রমাবনতিশীল সম্পর্ক		

এখন এখান থেকে আপনি জানলেন যে, relation এর সাথে deteriorate শব্দটি ব্যবহৃত হয়। এখন Trade War নিয়ে লিখতে গেলে আপনাকে চীন আর আমেরিকার অবনতিশীল সম্পর্কের ব্যাপারে লিখতে হবে। তখন কিন্তু আপনি deteriorating relations শব্দটি নির্দিষ্টায়া ব্যবহার করতে পারবেন। The progressively deteriorating relations between US and China due to trade war is threatening the global economy (বিশ্ব অর্থনীতিকে হুমকির মুখে ফেলে দিচ্ছে). অর্থাৎ, বাণিজ্য যুদ্ধের কারণে আমেরিকা এবং চায়নার ক্রমাবনতিশীল সম্পর্ক বিশ্ব অর্থনীতিকে হুমকির মুখে ফেলে দিচ্ছে।

আসলে এখন এসে ছুট করেই আপনি ইংরেজির বেসিক পরিবর্তন করতে পারবেন না। তবে, এইভাবে Phrase ধরে ধরে যদি পড়েন, তাহলে আপনার ইংরেজি দক্ষতা অনেকাংশে বৃদ্ধি পাবে। কিছু সঠিক PHRASE ব্যবহার করলে এমনিতেই আপনার Translation, Essay, Précis ইত্যাদির নম্বর নিঃসন্দেহে বাড়বে। পাশাপাশি বড় বাক্যগুলো থেকে Grammar এর নিয়মগুলো বিশ্লেষণ করে পড়লে লিখার মধ্যে Grammatical তুলও কমে আসবে।

SECTION-01: LIBERATION WAR

Phrase	Meaning	Sentence	Translation
১. war of liberation ২. end with the liberation of Bangladesh	১. মুক্তিযুদ্ধ ২. বাংলাদেশের স্বাধীনতা লাভের মধ্য দিয়ে পরিসমাপ্তি ঘটা	The War of Liberation began on 26 March 1971 and ended with the liberation of Bangladesh on 16 December 1971.	১৯৭১ সালের ২৬ মার্চ মুক্তিযুদ্ধ শুরু হয় এবং ঐ বছর ১৬ ডিসেম্বর বাংলাদেশের স্বাধীনতা লাভের মধ্য দিয়ে এর পরিসমাপ্তি ঘটে।
৩. bloodstained event ৪. construct sense of nationalism	৩. রক্তরঞ্জিত ঘটনা ৪. জাতীয়তাবোধ তৈরি করা	This bloodstained historical event has constructed Bangladeshi sense of nationalism . The Bangladesh we see today is essentially the fruit of the liberation war of 1971.	এই ঐতিহাসিক রক্তরঞ্জিত ঘটনাটি বাংলাদেশি জাতীয়তাবোধ তৈরি করেছে। আমরা আজ যে বাংলাদেশটি দেখি তা মূলত একাত্তরের মুক্তিযুদ্ধের ফসল।
৫. unequal enemy ৬. lay down lives	৫. অসম শত্রু ৬. জীবন দেওয়া	We should remember how our people faced an unequal enemy and laid down their lives for the honour and love of their motherland.	আমাদেরকে স্মরণ করতে হবে আমাদের জনগণ কীভাবে একটা অসম শত্রুর মোকাবিলা করেছিল এবং মাতৃভূমির প্রতি সম্মান এবং ভালবাসার জন্য নিজেদের জীবন দিয়েছিল।
৭. existence be (is/was) threatened ৮. be at stake ৯. be forced to do ১০. culture and heritage	৭. অস্তিত্ব হুমকির সম্মুখীন হওয়া ৮. ঝুঁকির মুখে পড়া ৯. কোন কিছু করতে বাধ্য হওয়া ১০. সংস্কৃতি এবং ঐতিহ্য	Only when our very existence was threatened , our life, liberty and our way of life were at stake , we were forced to go to war, to save our culture and heritage , our very "Bangaliness" as a nation.	যখন আমাদের অস্তিত্ব হুমকির সম্মুখীন হয়েছিল, যখন আমাদের জীবন, স্বাধীনতা এবং আমাদের জীবনযাত্রা ঝুঁকির মুখে ছিল, কেবল তখনই আমাদের সংস্কৃতি ও ঐতিহ্য এবং একটি জাতি হিসাবে আমাদের "বাঙালিত্ব"কে বাঁচাতে আমাদেরকে যুদ্ধে যেতে হয়েছিল।
১১. glorious victory ১২. throb with energy ১৩. dreams bloom	১১. গৌরবময় বিজয় ১২. শক্তির দ্বারা স্পন্দিত হওয়া ১৩. স্বপ্ন প্রস্ফুটিত হওয়া	After the glorious victory , the country was throbbing with energy that the war generated, dreams were blooming in every heart, the future full of all kinds of possibilities was awaited with great expectations.	গৌরবময় বিজয়ের পরে, যুদ্ধ থেকে যে শক্তির সৃষ্টি হয়েছিল তার দ্বারা সমগ্র দেশ স্পন্দিত হচ্ছিল, প্রতিটি হৃদয়ে স্বপ্ন প্রস্ফুটিত হচ্ছিল, বিশাল প্রত্যাশা নিয়ে সকল সম্ভাবনায় পূর্ণ একটি ভবিষ্যতের প্রতীক্ষা করছিল পুরো দেশ।
১৪. the spirit of Liberation War ১৫. age-old ১৬. regressive notions	১৪. মুক্তিযুদ্ধের চেতনা ১৫. বহু প্রাচীন ১৬. পশ্চাদগামী ধারণা	The spirit of Liberation War was actually a liberation from many of our age-old, regressive notions , prejudices (কুসংস্কার) and practices.	প্রকৃতপক্ষে মুক্তিযুদ্ধের চেতনা ছিল আমাদের বহু প্রাচীন, পশ্চাদগামী ধারণা, কুসংস্কার এবং প্রচলিত রীতির থেকে মুক্তি।
১৭. great face ১৮. during the short months ১৯. ethnic varieties ২০. harbor a common dream	১৭. মহান রূপ ১৮. এই কয়েক মাসে ১৯. জাতিগত বৈচিত্র্য ২০. সর্বজনীন স্বপ্নকে লালন	Humanity saw its great face during the short months of the Liberation War. That was the legacy of our Liberation War , one country, one culture, one language, spiced with our ethnic varieties , but all harbouring the	মহান মুক্তিযুদ্ধের এই কয়েক মাসে মানবতা তার মহান রূপ দেখেছিল। এক দেশ, এক সংস্কৃতি, এক ভাষা, জাতিগত বৈচিত্র্যে বৈচিত্র্যমণ্ডিত, তবে সবাই একটি ঐক্যবদ্ধ দেশের সর্বজনীন স্বপ্নকে লালন করে, সবাই একটি প্রতিশ্রুত সোনালী ভবিষ্যতের

২১২. look at other examples ২১৩. fortunate ২১৪. be unique in this respect.	২১২. অন্যান্য উদাহরণের দিকে নজর দেওয়া ২১৩. ভাগ্যবান ২১৪. এই ক্ষেত্রে অনন্য	If we look at other examples like Palestine and Kashmir, we will begin to appreciate how fortunate we have been to win a war of independence in nine months. We are unique in this respect .	প্যালেস্টাইন ও কাশ্মীরের মতো অন্যান্য উদাহরণের দিকে নজর দিলে আমরা উপলব্ধি করতে শুরু করব যে মাত্র নয় মাসের মধ্যে স্বাধীনতার যুদ্ধ জয় করতে পেয়ে আমরা কতটা ভাগ্যবান। আমরা এই ক্ষেত্রে অনন্য।
২১৫. nurture hard-won freedom ২১৬. equitable and harmonious society ২১৭. equal opportunity for all	২১৫. কষ্টার্জিত স্বাধীনতা লালন করা ২১৬. ন্যায্যসঙ্গত ও বৈরিতামুক্ত সমাজ ২১৭. সবার জন্য সমান সুযোগ	Now we must nurture our hard-won freedoms , and create an equitable and harmonious society whose central objective will be equal opportunity for all its citizens.	এখন অবশ্যই আমাদের কষ্টার্জিত স্বাধীনতাকে লালন করতে হবে, এবং একটি ন্যায্যসঙ্গত ও বৈরিতামুক্ত সমাজ তৈরি করতে হবে যার মূল উদ্দেশ্য হবে তার সকল নাগরিকের জন্য সমান সুযোগ।
২১৮. fearless nation ২১৯. shed blood ২২০. march forward ২২১. on the path of progress ২২২. carve its space ২২৩. overcome all obstacles	২১৮. অকুতোভয় জাতি ২১৯. রক্ত দেওয়া, জীবন দেওয়া ২২০. এগিয়ে যাওয়া ২২১. প্রগতির পথে ২২২. জায়গা করে নেওয়া ২২৩. সকল বাধা অসার করে	The fearless nation which has shed blood for its language, independence and democracy will march forward on the path of progress and carve its space with dignity and honour on the world stage by overcoming all obstacles .	যে অকুতোভয় জাতি ভাষার জন্য, স্বাধীনতার জন্য, গণতন্ত্রের জন্য জীবন দিয়েছে, সেই জাতি অবশ্যই সকল বাধা অসার করে প্রগতির পথে এগিয়ে যাবে এবং বিশ্ব দরবারে সম্মানের সাথে নিজের জায়গা করে নিবে।

TEST YOURSELF

☑ Translate the following passage into Bangla.

The War of Liberation was the ultimate manifestation of the deteriorating relations between East and West Pakistan. The War of Liberation began on 26 March 1971. In the 1971 war of liberation, we endured an extreme form of genocide. The brutal crackdown on the civilian population on March 25-26 dealt a deathblow to the idea of a Federated Pakistan. The rubicon was crossed. People of East Pakistan became active participants in Bangladesh's struggle for independence inspired by Bangabandhu's historic call of March 7, 1971. Bangladesh emerged as an independent and sovereign country on 16 December 1971 following a nine-month war of liberation. Every inch of this land is drenched with the blood of our martyrs. Hence, we can never repay our debt to them. If we look at other examples like Palestine and Kashmir, we will begin to appreciate how fortunate we have been to win a war of independence in nine months. It's important to make the young generation aware of the sacrifices that were made to earn the status of an independent country.

Solution এর সাথে মিলিয়ে নিজেই যাচাই করুন:

মুক্তিযুদ্ধ ছিল পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে ক্রমাবনতিশীল সম্পর্কের চূড়ান্ত বহিঃপ্রকাশ। ১৯৭১ সালের ২৬ মার্চ মুক্তিযুদ্ধ শুরু হয়। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বাংলাদেশ ভয়াবহতম গণহত্যার শিকার হয়। ২৫-২৬ মার্চ বেসামরিক জনগণের সাথে সংঘটিত নির্মম এই তাণ্ডব একটি ফেডারেল পাকিস্তানের ধারণায় মরণাঘাত করল। সংকটসীমা পার হয়ে গেল। পূর্ব পাকিস্তানের জনগণ ১৯৭১ সালের ৭-ই মার্চ বঙ্গবন্ধুর ঐতিহাসিক আহ্বানে উদ্বুদ্ধ হয়ে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণ করল। পাকিস্তানের বিরুদ্ধে দীর্ঘ নয় মাস যুদ্ধের পর ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের অভ্যুদয় হয়। এদেশের প্রতিটি ধূলিকণা শহীদের রক্তে রঞ্জিত। তাই শহীদের কাছে আমাদের ঋণ শোধ হওয়ার নয়। প্যালেস্টাইন ও কাশ্মীরের মতো অন্যান্য উদাহরণের দিকে নজর দিলে আমরা উপলব্ধি করতে শুরু করব যে মাত্র নয় মাসের মধ্যে স্বাধীনতার যুদ্ধ জয় লাভ করতে আমরা কতটা ভাগ্যবান। তরুণ প্রজন্মকে একটি স্বাধীন দেশের মর্যাদা অর্জন করতে যে ত্যাগ স্বীকার করা হয়েছিল সে সম্পর্কে সচেতন করা গুরুত্বপূর্ণ।



BCS সহ যেকোনো চাকরির প্রস্তুতি ও
বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার প্রস্তুতি সহায়ক
PDF পেতে ভিজিট করুন

www.exambd.net

SECTION-02: LANGUAGE MOVEMENT

Phrase	Meaning	Sentence	Translation
১. represent the spirit ২. secularism and non-communalism	১. চেতনাকে ধারণ বা লালন করা ২. ধর্মনিরপেক্ষতা ও অসাম্প্রদায়িকতা	Ekushey represents the spirit of Bangalee Nationalism, freethinking, secularism and non-communalism.	একুশ বাঙালি জাতীয়তাবাদ, মুক্তবুদ্ধি, ধর্মনিরপেক্ষতা ও অসাম্প্রদায়িক চেতনার ধারক ও বাহক।
৩. glorious milestone ৪. in the thousand-year history of the struggle	৩. উজ্জ্বল মাইলফলক ৪. হাজার বছরের সংগ্রামী ইতিহাসে	Ekushey is a glorious milestone in the thousand-year history of the struggles of Bangalee nation.	বাঙালির হাজার বছরের সংগ্রামী ইতিহাসে অমর একুশে এক উজ্জ্বল মাইলফলক।
৫. sacrifice made by Bangalees ৬. establish the honor and right ৭. unique in the world history	৫. বাঙালির আত্মত্যাগ ৬. মর্যাদা ও অধিকার প্রতিষ্ঠা করা ৭. বিশ্ব-ইতিহাসে অনন্য	The sacrifice made by Bangalees for establishing the honor and right of mother tongue is unique in the world history .	মাতৃভাষার মর্যাদা ও অধিকার প্রতিষ্ঠার জন্য বাঙালির এমন আত্মত্যাগ বিশ্ব-ইতিহাসে অনন্য।
৮. pave the way for something ৯. ultimate independence	৮. কোন কিছু ঘটতে সাহায্য করা ৯. চূড়ান্ত স্বাধীনতা	It was Ekushey which paved the way for our ultimate independence in 1971.	এই একুশই ১৯৭১ সালে আমাদের চূড়ান্ত স্বাধীনতা অর্জনে সাহায্য করেছে।
১০. flourish ১১. declare as the state language	১০. সমৃদ্ধি লাভ করা, বিকশিত হওয়া ১১. রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করা	Both Urdu and Bangla languages had flourished during the Mughal era- Urdu in Northern India and Bangla in Bengal. But the central rulers of Pakistan considered Bangla as the language of the Hindus and therefore Urdu was declared as the state language of Pakistan.	উর্দু এবং বাংলা উভয় ভাষাই মুঘল শাসনামলে বিকশিত হয়- উর্দু উত্তর ভারতে এবং বাংলা বঙ্গদেশে। কিন্তু পাকিস্তান কেন্দ্রীয় শাসকশ্রেণি বাংলাকে হিন্দুদের ভাষা হিসেবে গণ্য করে কেবল উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করে।
১২. Bangla-speaking people ১৩. protest a move ১৪. wage a movement ১৫. accord the same status to Bangla	১২. বাংলা ভাষী ১৩. কোন উদ্যোগের প্রতিবাদ জানানো ১৪. আন্দোলনে শুরু করা ১৫. বাংলাকে সমমর্যাদা দেওয়া	The Bangla-speaking people of East Bengal protested this move and waged a movement for according the same status to Bangla .	বাংলা ভাষী পূর্ব পাকিস্তানীরা এর প্রতিবাদ জানায় এবং বাংলাকে সমমর্যাদা দেবার জন্য আন্দোলন করে।
১৬. become clear ১৭. Bangali as a nation	১৬. পরিষ্কার হয়ে যাওয়া ১৭. জাতি হিসেবে বাঙালি	It became clear to the Pakistanis through this movement that the East Pakistanis were Bangali as a nation and Bangla was their mother-language.	এ আন্দোলনের মাধ্যমে পাকিস্তানিদের নিকট বিষয়টি পরিষ্কার হয়ে যায় যে, পূর্ব পাকিস্তানীরা জাতি হিসেবে বাঙালি এবং বাংলা তাদের মাতৃভাষা।

SECTION-07: ENVIRONMENT

Phrase	Meaning	Sentence	Translation
১. flow through	১. প্রবাহিত হওয়া	Nearly 700 rivers are flowing through Bangladesh, a land of 147,570 square kilometres.	১ লাখ ৪৭ হাজার ৫৭০ বর্গকিলোমিটার আয়তনের বাংলাদেশের উপর দিয়ে প্রায় ৭০০ নদ-নদী প্রবাহিত হয়েছে।
২. numerous tributaries	২. অসংখ্য শাখা-প্রশাখা	We have the mighty Padma, Jamuna and Meghna and their numerous tributaries .	আমাদের রয়েছে পদ্মা, যমুনা, মেঘনার মত সুবিশাল নদী এবং এর অসংখ্য শাখা-প্রশাখা।
৩. water body ৪. inherently connected	৩. জলাশয় ৪. প্রাকৃতিকভাবে সংযুক্ত	The rivers and water bodies of Bangladesh are inherently connected with each other. During the monsoon, they <i>overflow</i> (কূল ছাপিয়ে পানি উপচে ওঠা) and <i>intermingle</i> (এক হয়ে যাওয়া, মিশে যাওয়া) with each other.	প্রাকৃতিকভাবে বাংলাদেশের নদী, জলাশয়গুলো একে-অপরের সঙ্গে সংযুক্ত। বর্ষাকালে এগুলো দুকূল ভাসিয়ে একাকার হয়ে যায়।
৫. Green House Gas (GHG) emission	৫. গ্রিন হাউজ গ্যাস নির্গমন	We have already started to reduce (হ্রাস করা) Green House Gas (GHG) emissions in the power, industry and transport sectors.	আমরা ইতোমধ্যে বিদ্যুৎ, শিল্প ও পরিবহন খাতে গ্রিন হাউজ গ্যাস নির্গমন হ্রাস করতে শুরু করেছি।
৬. Low Carbon Strategy ৭. prime concern	৬. সীমিত কার্বন নির্গমন কৌশল ৭. মৌলিক বিবেচ্য বিষয়	Low Carbon Strategy will be our prime concern	সীমিত কার্বন নির্গমন কৌশলই হবে আমাদের মৌলিক বিবেচ্য বিষয়।
৮. inter-related ৯. delta challenge ১০. water and food safety ১১. socio-economic development ১২. natural calamity	৮. পরস্পর সম্পর্কযুক্ত ৯. বদ্বীপীয় প্রতিকূলতা ১০. পানীয় জল ও খাদ্য নিরাপত্তা ১১. আর্থ-সামাজিক উন্নয়ন ১২. প্রাকৃতিক দুর্যোগ	The country faces major inter-related delta challenges in water and food safety and socio-economic development and is prone to natural calamities such as floods, cyclones, and droughts.	দেশটি পানীয় জল ও খাদ্য নিরাপত্তা এবং আর্থ-সামাজিক উন্নয়নে বড় ধরনের পরস্পর সম্পর্কযুক্ত বদ্বীপীয় প্রতিকূলতার সম্মুখীন হয়। এর পাশাপাশি দেশটিতে বন্যা, ঘূর্ণিঝড় এবং খরাসহ নানা প্রাকৃতিক দুর্যোগের প্রবণতা রয়েছে।
১৩. land and water resource	১৩. ভূমি এবং পানিসম্পদ	There is already high pressure on the available land and water resources .	ইতোমধ্যেই বিদ্যমান ভূমি এবং পানিসম্পদের উপর চাপ তৈরি হয়েছে।
১৪. in cooperation with	১৪. (কারও) সহযোগিতায়	The government of Bangladesh, in cooperation with the government of the Netherlands, has prepared and endorsed (অনুমোদন করেছে) the Bangladesh Delta Plan 2100.	বাংলাদেশ সরকার নেদারল্যান্ডস সরকারের সহযোগিতায় বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ প্রস্তুত করেছে এবং ইতোমধ্যে এর অনুমোদনও করেছে।

SECTION-08: GLOBAL WARMING

Phrase	Meaning	Sentence	Translation
১. greenhouse glass shield	১. গ্রীনহাউজ কাঁচের প্রাচীর	The atmosphere (বায়ুমন্ডল) acts like a greenhouse glass shield for the earth.	বায়ুমন্ডল পৃথিবীর জন্য গ্রীনহাউজ কাঁচের প্রাচীর হিসেবে কাজ করে।
২. global warming ৩. major environmental problem	২. বৈশ্বিক উষ্ণতা ৩. পরিবেশগত প্রধান সমস্যা	Global warming is one of the major environmental problems facing the world today.	বর্তমান বিশ্বে বৈশ্বিক উষ্ণতা প্রধান পরিবেশগত সমস্যাসমূহের মধ্যে অন্যতম।
৪. chemical composition ৫. near future ৬. present level of technical achievement	৪. রাসায়নিক গঠন ৫. নিকট ভবিষ্যত ৬. বর্তমান প্রযুক্তিগত সক্ষমতা	The chemical composition of the earth's atmosphere is already quite different from what it was a century ago and in fact these changes are not <i>reversible</i> (পূর্বের অবস্থানে ফিরে যেতে সক্ষম) in the near future with the present level of technical achievement .	পৃথিবীর বায়ুমন্ডলের রাসায়নিক গঠনটি একশত বছর পূর্বের অবস্থা থেকে ইতোমধ্যে সম্পূর্ণ ভিন্ন এক অবস্থায় এসে দাঁড়িয়েছে এবং প্রকৃতপক্ষে বর্তমান প্রযুক্তিগত সক্ষমতার দ্বারা নিকট ভবিষ্যতে এই পরিবর্তিত অবস্থাকে পূর্বের অবস্থানে ফিরিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়।
৭. average global temperature	৭. গড় বৈশ্বিক তাপমাত্রা	Average global temperature is now about 0.6°C higher than it was 100 years ago.	একশত বছর পূর্বের গড় তাপমাত্রার তুলনায় বর্তমান গড় বৈশ্বিক তাপমাত্রা প্রায় ০.৬০° সে বৃদ্ধি পেয়েছে।
৮. substantial change ৯. sea level ১০. thermal expansion ১১. earth's surface water ১২. rapid melting ১৩. alpine ice caps ১৪. polar glacier	৮. বৃহৎ পরিবর্তন ৯. সমুদ্রপৃষ্ঠের পানির উচ্চতা ১০. তাপঘটিত স্ফীতি ১১. পৃথিবীপৃষ্ঠের পানি ১২. দ্রুত গলন ১৩. অত্যুচ্চ পর্বতের বরফশীর্ষ ১৪. মেরু অঞ্চলের হিমবাহ	As a result, there may be a substantial change in the sea level caused by thermal expansion of the earth's surface water , and from a rapid melting of alpine ice caps and polar glaciers .	ফলে, পৃথিবীপৃষ্ঠের পানির তাপঘটিত স্ফীতি, অত্যুচ্চ পর্বতের বরফশীর্ষ এবং মেরু অঞ্চলের হিমবাহের দ্রুত গলনের কারণে সমুদ্রপৃষ্ঠের পানির উচ্চতার ক্ষেত্রে একটি বৃহৎ পরিবর্তন ঘটতে পারে।
১৫. attribute to ১৬. increased presence	১৫. আরোপ করা, কারণ হিসেবে দায়ী করা ১৬. বর্ধিত মাত্রায় উপস্থিতি	Recent global warming has been attributed to the increased presence of certain greenhouse gases in the atmosphere.	বায়ুমন্ডলে কিছু নির্দিষ্ট গ্রীনহাউজ গ্যাসসমূহের বর্ধিত মাত্রায় উপস্থিতিকে সাম্প্রতিক বৈশ্বিক উষ্ণায়নের কারণ হিসেবে চিহ্নিত করা হয়।
১৭. atmospheric gases ১৮. shortwave solar radiation ১৯. long wave infrared radiation ২০. outer space	১৭. বায়ুমন্ডলীয় গ্যাসসমূহ ১৮. হ্রস্বতরঙ্গের সৌর রশ্মি ১৯. দীর্ঘতরঙ্গের অবলোহিত বিকিরণ ২০. বহির্বিশ্বমন্ডল	These atmospheric gases allow the shortwave solar radiation to reach the earth but prevent the long wave infrared radiation from the earth to escape into outer space , thus warming up the earth's surface.	এই বায়ুমন্ডলীয় গ্যাসসমূহ হ্রস্বতরঙ্গের সৌর রশ্মির পৃথিবীতে পৌঁছাতে বাধার সৃষ্টি করে না, অথচ দীর্ঘতরঙ্গের অবলোহিত বিকিরণ পৃথিবী থেকে বহির্বিশ্বমন্ডলে যেতে বাধার সৃষ্টি করে, যার ফলে পৃথিবীপৃষ্ঠ উষ্ণ হয়ে ওঠে।

SECTION-10: AGRICULTURE & FOOD SECURITY

Phrase	Meaning	Sentence	Translation
১. Agriculture sector ২. lifeline of economy	১. কৃষিখাত ২. অর্থনীতির প্রাণ	Agriculture sector is the lifeline of Bangladesh economy .	কৃষিখাত বাংলাদেশের অর্থনীতির প্রাণ।
৩. instrumental role ৪. fast-track the economic growth	৩. গুরুত্বপূর্ণ ভূমিকা ৪. অর্থনীতির চাকাকে বেগবান করা	Agriculture sector plays an instrumental role in fast-tracking the economic growth of Bangladesh.	বাংলাদেশের অর্থনীতির চাকাকে বেগবান করতে কৃষি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
৫. agricultural system ৬. long-term food security	৫. কৃষি ব্যবস্থা ৬. দীর্ঘস্থায়ী খাদ্য নিরাপত্তা	The sector has remained priority to the government to ensure a profitable, sustainable and environment-friendly agricultural system and also crucial for long-term food security for the people of Bangladesh.	বাংলাদেশের মানুষের জন্য দীর্ঘস্থায়ী খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি লাভজনক, টেকসই ও পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থা নিশ্চিত করতে সরকার কৃষিখাতকে অগ্রাধিকার প্রদান করে আসছে।
৭. confront the odds ৮. cultivable land	৭. সমস্যা মোকাবেলা করা ৮. চাষযোগ্য জমি	The agriculture sector expanded confronting the odds like reduction of cultivable land due to population density.	জনসংখ্যা বৃদ্ধির ফলে চাষযোগ্য জমির পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাওয়ার মত সমস্যাগুলো মোকাবেলা করে কৃষি ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে।
৯. sustained growth ১০. technology-based agriculture ১১. diversifying crops ১২. non-seasonal crops	৯. টেকসই প্রবৃদ্ধি ১০. প্রযুক্তিভিত্তিক কৃষি ১১. ফসল বৈচিত্র্যায়ন ১২. মৌসুম বহির্ভূত ফসল	For the sustained growth in agriculture, the government supports expanding technology-based agriculture, diversifying crops , extending production of non-seasonal crops along with the seasonal ones.	কৃষি খাতে টেকসই প্রবৃদ্ধির লক্ষ্যে প্রযুক্তিভিত্তিক কৃষি সম্প্রসারণ, ফসল বৈচিত্র্যায়ন, মৌসুমি ও মৌসুম বহির্ভূত ফসল এর উৎপাদন বৃদ্ধি ইত্যাদি কর্মকাণ্ডে সরকার সহায়তা করছে।
১৩. salinity tolerant seed ১৪. high yielding ১৫. agricultural subsidy ১৬. agricultural credit ১৭. uninterrupted power supply ১৮. agro-based industries	১৩. লবণসহিষ্ণু বীজ ১৪. উচ্চ ফলনশীল ১৫. কৃষি ভর্তুকি ১৬. কৃষি ঋণ ১৭. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ১৮. কৃষিভিত্তিক শিল্প	Innovating new variety of salinity tolerant seed and high yielding variety of paddy and jute, providing agricultural subsidy and agricultural credit , ensuring uninterrupted power supply for irrigation played an instrumental role in extending developing the agro-based industries .	লবণসহিষ্ণু বীজ, উচ্চ ফলনশীল ধান ও পাটের জাত উদ্ভাবন, কৃষি ভর্তুকি ও কৃষি ঋণ প্রদান, সঁচের জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ বিভিন্ন সুবিধা প্রদান কৃষিভিত্তিক শিল্প বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

SECTION-12: BANKING

Phrase	Meaning	Sentence	Translation
1. Continue efforts 2. improve the performance 3. banking sector 4. financial system	1. প্রচেষ্টা অব্যাহত রাখা 2. কর্মদক্ষতার উন্নয়ন 3. ব্যাংকিং খাত 4. আর্থিক খাত/অর্থব্যবস্থা	Bangladesh Bank (BB) has been continuing its efforts to improve the performance of the banking sector and ensure a sound (সুষ্ঠু), efficient (দক্ষ) and resilient (স্থিতিশীল) financial system.	ব্যাংকিং খাতের কর্মদক্ষতার উন্নয়ন এবং একটি সুষ্ঠু, দক্ষ ও স্থিতিশীল আর্থিক খাত নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।
5. Adopt policy measures 6. give emphasis on risk 7. management 8. corporate governance 9. periodic review 10. whole banking system 11. stress testing 12. large borrower 13. prevention of fraud-forgeries 14. internal control system 15. self-assessment	5. নীতিগত ব্যবস্থা গ্রহণ 6. গুরুত্বারোপ করা 7. ঝুঁকি ব্যবস্থাপনা 8. কর্পোরেট গভর্নেন্স 9. কালান্তরিক পর্যালোচনা 10. সামগ্রিক ব্যাংকিং খাত 11. স্ট্রেস টেস্টিং 12. বৃহৎ ঋণগ্রহীতা 13. জাল-জালিয়াতি প্রতিরোধ 14. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা 15. স্ব-মূল্যায়ন	BB has adopted a number of policy measures giving emphasis on risk management and corporate governance in the banks, periodic review of stability of the individual bank as well as the whole banking system , exercise of stress testing , monitoring of large borrowers , prevention of fraud-forgeries and strengthening of internal control system through self-assessment of anti-fraud internal controls etc.	বাংলাদেশ ব্যাংক ব্যাংকগুলোর ঝুঁকি ব্যবস্থাপনা ও কর্পোরেট গভর্নেন্স, সামগ্রিক ব্যাংকিং খাতসহ প্রত্যেকটি ব্যাংকের স্থিতিশীলতার কালান্তরিক পর্যালোচনা, স্ট্রেস টেস্টিং- এর প্রয়োগ, বৃহৎ ঋণগ্রহীতার তদারকি, জাল-জালিয়াতি প্রতিরোধ এবং জালিয়াতির বিরুদ্ধে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণমূলক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ ইত্যাদি বিষয়ের প্রতি গুরুত্বারোপ করে বেশ কিছু নীতিগত ব্যবস্থা গ্রহণ করেছে।
16. timely identification 17. existing and probable risks	16. সঠিক সময়ে শনাক্তকরণ 17. বিদ্যমান ও সম্ভাব্য সকল ধরনের ঝুঁকি	Besides, all core risks management guidelines have been revised recently for timely identification , measurement, control, and monitoring of all existing and probable risks of banks.	এছাড়া, ব্যাংকিং খাতে বিদ্যমান ও সম্ভাব্য সকল ধরনের ঝুঁকি সঠিক সময়ে শনাক্তকরণ, পরিমাপকরণ, নিয়ন্ত্রণ এবং তদারকি করার জন্য সাম্প্রতিক সময়ে সকল কোর রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইনস সংশোধন করা হয়েছে।
18. main source of funds 19. banking industry	18. তহবিলের প্রধান উৎস 19. ব্যাংকিং খাত	Deposits continued to be the main source of funds of the banking industry.	বরাবরের মতই ব্যাংকিং খাতের তহবিলের প্রধান উৎস ছিল আমানত।
20. Capital adequacy 21. total position 22. depositors and other creditors 23. potential financial losses	20. মূলধন পর্যাপ্ততা 21. সার্বিক অবস্থা 22. আমানতকারী ও অন্য পাওনাদার 23. সম্ভাব্য আর্থিক ক্ষতি	Capital adequacy focuses on the total position of the banks' capital and the protection of depositors and other creditors from the potential financial losses.	মূলধন পর্যাপ্ততা ব্যাংকগুলোর সার্বিক মূলধন অবস্থা এবং সম্ভাব্য আর্থিক ক্ষতি হতে আমানতকারী ও অন্য পাওনাদারদের সুরক্ষা প্রদানের ওপর গুরুত্বারোপ করে।

SECTION-15: POVERTY ALLEVIATION

Phrase	Meaning	Sentence	Translation
১. outstanding development ২. poverty alleviation ৩. successive and nonstop endeavour	১. অসাধারণ উন্নতি ২. দারিদ্র্য বিমোচন ৩. ধারাবাহিক ও নিরবচ্ছিন্ন প্রচেষ্টা	Bangladesh has achieved an outstanding development in poverty alleviation during last decade because of successive and nonstop endeavours of the government.	সরকারের ধারাবাহিক ও নিরবচ্ছিন্ন প্রচেষ্টার ফলে বাংলাদেশ গত এক দশকে দারিদ্র্য বিমোচনে অসাধারণ উন্নতি অর্জন করেছে।
৪. drop gradually	৪. ধারাবাহিকভাবে কমা	The rate as well as incidence and depth of poverty has been dropping gradually .	দারিদ্র্যের হার, হ্রাসের পাশাপাশি এর তীব্রতা ও গভীরতাও ধারাবাহিকভাবে কমেছে।
৫. efficient implementation ৬. development programs	৫. দক্ষ বাস্তবায়ন ৬. উন্নয়ন কর্মসূচি	Poverty rate declined 18.2 percentage points within an era as a result of efficient implementation of different government and non-government development programs .	বিভিন্ন সরকারি ও বেসরকারি উন্নয়ন কর্মসূচির দক্ষ বাস্তবায়নের ফলে দারিদ্র্যের হার এক যুগের ব্যবধানে ১৮.২ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়েছে।
৭. desired target ৮. special priority	৭. কাঙ্ক্ষিত লক্ষ্য ৮. বিশেষ অগ্রাধিকার	In order to attain the desired target of poverty alleviation, the government provides special priority in social safety net programs.	দারিদ্র্য বিমোচনে কাঙ্ক্ষিত লক্ষ্য বাস্তবায়নে সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহকে বিশেষ অগ্রাধিকার দিচ্ছে।
৯. scope and allocation	৯. আওতা ও বরাদ্দ	For this reason, the scope and allocation of social safety-net programs are being extended every year.	এ কারণে, সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের আওতা ও বরাদ্দ প্রতি বছর বৃদ্ধি পাচ্ছে।
১০. minimum standard of living ১১. essential commodities ১২. low income	১০. জীবনযাত্রার ন্যূনতম মান ১১. অপরিহার্য দ্রব্যাদি ১২. স্বল্প আয়	Poverty is an economic condition in which one loses the ability to enjoy a minimum standard of living and to buy the essential commodities of life due to low income .	দারিদ্র্য এমন এক অর্থনৈতিক অবস্থা, যখন একজন মানুষ স্বল্প আয়ের কারণে জীবনযাত্রার ন্যূনতম মান অর্জন এবং জীবনধারণের অপরিহার্য দ্রব্যাদি ক্রয় করার সক্ষমতা হারায়।
১৩. Cultural arbitrariness ১৪. demographi c pressure	১৩. সাংস্কৃতিক স্বেচ্ছাচারিতা ১৪. জনসংখ্যার চাপ	Cultural arbitrariness and demographic pressure , social and political problems and various other natural disasters such as floods, cyclones and droughts create poverty.	সাংস্কৃতিক স্বেচ্ছাচারিতা, জনসংখ্যার চাপ, সামাজিক ও রাজনৈতিক সমস্যা এবং বন্যা, ঘূর্ণিঝড়, খরা ইত্যাদির মতো প্রাকৃতিক দুর্যোগ দারিদ্র্য সৃষ্টি করে।
১৫. multi-dimensional ১৬. take into account ১৭. health and sanitation ১৮. life expectancy ১৯. institutional capacity	১৫. বহুমাত্রিক ১৬. বিবেচনা করা ১৭. স্বাস্থ্য ও পয়ঃনিষ্কাশন ১৮. সম্ভাব্য আয়ুষ্কাল ১৯. প্রতিষ্ঠানিক সক্ষমতা	A multi-dimensional approach to poverty takes into account a range of quality of life variables such as nutrition, health and sanitation , security, housing, access to safe drinking water, education, life expectancy , access to resources, participation and institutional capacity to cope with crisis.	দারিদ্র্যের বহুমাত্রিক পরিমাপের ক্ষেত্রে অনেকগুলি গুণগত বিষয় বা চলক তথা পুষ্টি, স্বাস্থ্য ও পয়ঃনিষ্কাশন, নিরাপত্তা, বাসস্থান সুবিধা, পানীয় জল, শিক্ষা, সম্ভাব্য আয়ুষ্কাল, সম্পদের অংশীদারিত্ব ও ভোগের অধিকার এবং সমস্যাবলির সাথে মানিয়ে চলার জন্য প্রতিষ্ঠানিক সক্ষমতা ইত্যাদি বিবেচনা করা হয়।

প্রিসেপটর্স

Translation Manual

[A complete solution to written & MCQ translation]

Previous Years' Passage Translation

↪ BCS

↪ Bangladesh Bank

↪ Govt. & Private Banks

↪ PSC Non Cadre & Others

www.exambd.net

প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষায় নিজেকে এগিয়ে রাখতে আজই সংগ্রহ করুন
প্রিসেপটর্স পাবলিকেশন্স থেকে প্রকাশিত বইসমূহ-

- ☑ প্রিসেপটর্স বিসিএস প্রিলিমিনারি ডাইজেস্ট
- ☑ প্রিসেপটর্স টেক্সট বুক রিভিউ
- ☑ প্রিসেপটর্স মডেল টেস্ট ও সাম্প্রতিক ঘটনা প্রবাহ

প্রিসেপটর্স পাবলিকেশন্স থেকে শীঘ্রই প্রকাশিত হতে যাচ্ছে-
'প্রিসেপটর্স বিসিএস প্রিলিমিনারি প্রশ্নব্যাংক'



TRANSLATION-01

Question: The burgeoning bustle of life is identified as one of the main reasons for waning reading habit. Life has been so busy that people can hardly manage time for reading. The pressure of livelihood has mounted tremendously, thrusting people in earning bread, in all desperation. A money-centric corporate culture is sweeping life away, making people crazy for pomp and prosperity in the form of land, flat, car and other amenities. Reading is a secondary concern or no concern at all. There is no time for reading in fact. Even they can't find time for reading newspaper. They just skim through the headlines. They can hardly read anything with profound concentration due to time constraint. They are always in a hurry to finish their assignments in vocation. It is really a hard time, witnessing a famine of reading. Proliferation of information technology has also contributed to the change in reading habit. But we must bear in mind that reading habit is the mark of civility of a nation. Reading books and other materials of learning makes individuals enlightened, elevating their level of intelligence.

burgeoning bustle	ক্রমবর্ধমান ব্যস্ততা	skim through	চোখ বুলিয়ে যাওয়া	civility	সভ্যতা
wane	ধীরে ধীরে হ্রাস পাওয়া	time constraint	সময় সল্পতা	enlightened	আলোকিত
mount	বৃদ্ধি পাওয়া	proliferation	প্রসার	elevate	বিকাশ ঘটানো

Solution: জীবনের ক্রমবর্ধমান ব্যস্ততাকে ধীরে ধীরে পাঠ্যাভ্যাস কমে আসার অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করা হয়। জীবন এত কর্মব্যস্ত হয়ে উঠেছে যে মানুষ বই পড়ার জন্য সময় বের করতে হিমশিম খায়। জীবিকার তাগিদ ভীষণভাবে বৃদ্ধি পেয়েছে যা মানুষকে রুটি-রুজি অর্জনে মরিয়া করে তুলেছে। অর্থকেন্দ্রীক কর্পোরেট সংস্কৃতি জীবনকে নিশ্চিহ্ন করে দিচ্ছে, জমি, বাড়ি, গাড়ি ও অন্যান্য সুবিধাসম্মেত একটি জাঁকজমকপূর্ণ ও বিলাসবহুল জীবনের জন্য দিশেহারা করে তুলেছে। পড়াশুনা হল গৌণ বা সম্পূর্ণ গুরুত্বহীন একটি বিষয়। প্রকৃতপক্ষে পড়াশোনার জন্য কোন সময়ই নেই। এমনকি তারা পত্রিকা পড়ার সময়ও বের করতে পারেন না। তারা কেবল শিরোনামগুলোতে চোখ বুলিয়ে যায়। সময় স্বল্পতার কারণে তারা গভীর মনোযোগ দিয়ে তেমন কিছুই পড়তে পারেন না। কর্মক্ষেত্রে তাদের জন্য নির্ধারিত কাজ শেষ করতেই তারা ব্যস্ত থাকেন সর্বদা। এ সত্যিই এক দুঃসময় যখন পড়াশোনার অভ্যাস প্রায় হারিয়েই যাচ্ছে। তথ্য প্রযুক্তির প্রসারও পড়াশুনার অভ্যাস পরিবর্তনে ভূমিকা রাখছে। কিন্তু আমাদের মনে রাখতে হবে যে পাঠ্যাভ্যাস হল একটি জাতির সভ্যতার প্রতীক। বই ও অন্যান্য শিক্ষা-উপকরণ পাঠ ব্যক্তির বুদ্ধিমত্তার বিকাশ ঘটিয়ে তাকে আলোকিত করে।

কঠিন বাক্যসমূহের ব্যখ্যা

1. The pressure of livelihood has mounted tremendously, thrusting people in earning bread in all desperation.

আপনি বাক্যটির structure এর সাথে পরিচিত না হলে অনুবাদ করা একটু কষ্টকর হয়ে যাবে। এখানে present participle ব্যবহার করে বাক্যটিকে সংক্ষিপ্ত করা হয়েছে। একটি ছোট উদাহরণের সাহায্যে বিষয়টি পরিষ্কার করা যাক।

The man who is driving the car is a friend of mine. এখানে present participle ব্যবহার করে বাক্যটিকে সংক্ষিপ্ত করলে দাঁড়াবে- The man driving the car is a friend of mine. বাংলায় সংক্ষিপ্ত বাক্যটি অনুবাদ করার সময় বাক্যের বিস্তারিত রূপটির অনুবাদ করা শ্রেয়। এখানে "গাড়ি চালানো ব্যক্তিটি আমার বন্ধু হন" বলার চেয়ে "যিনি গাড়ি চালাচ্ছেন, তিনি আমার বন্ধু হন" বলা শ্রুতিমধুর এবং বহুল প্রচলিত।

তাহলে আমাদের বাক্যটির বিস্তারিত রূপটি হবে- The pressure of livelihood has mounted tremendously which is thrusting people in earning bread in all desperation. বিস্তারিত রূপটির অনুবাদ করার আগে বাক্যটিতে ব্যবহৃত phrase গুলোর অর্থ দেখে নেই-

- The pressure of livelihood = জীবিকার তাগিদ (জীবিকার সাথে চাপ শব্দটি ব্যবহার যুক্তিযুক্ত হবে না।)
- mount tremendously = ভীষণভাবে বৃদ্ধি করা/পাওয়া
- earn bread = রুটি রুজি অর্জন করা
- thrust in all desperation = মরিয়া করে তোলা

⇒ বাক্যটির অনুবাদ- জীবিকার তাগিদ ভীষণভাবে বৃদ্ধি পেয়েছে যা মানুষকে রুটি রুজি অর্জনে মরিয়া করে তুলেছে।

2. A money centric corporate culture is sweeping life away making people crazy for pomp and prosperity in the form of land, flat, car and other amenities.

প্রথম বাক্যটিতে ২টি গুরুত্বপূর্ণ phrase ব্যবহৃত হয়েছে

- ♦ money-centric corporate culture = অর্থকেন্দ্রীক কর্পোরেট সংস্কৃতি
- ♦ sweep life away = জীবনকে নিশ্চিহ্ন করে দেয়া

প্রথম বাক্যাংশের অর্থ: অর্থকেন্দ্রীক কর্পোরেট সংস্কৃতি জীবনকে নিশ্চিহ্ন করে দিচ্ছে।

২য় বাক্যাংশটি একটি জটিল। এখানে ভাবানুবাদের দরকার আছে। ২য় বাক্যাংশ অর্থাৎ making people crazy for pomp and prosperity in the form of land, flat, car and other amenities. এখানে বোঝানো হয়েছে যে, মানুষ এমন একটি জীবনের জন্য দিশেহারা হয়ে পড়েছে যা জাঁকজমকপূর্ণ ও বিলাসবহুল। যে জীবনে জমি, বাড়ি, গাড়ি ও অন্যান্য সুবিধা রয়েছে

তাই সম্পূর্ণ বাক্যের অনুবাদ হবে:

অর্থকেন্দ্রীক কর্পোরেট সংস্কৃতি জীবনকে নিশ্চিহ্ন করে দেয়া। জমি, বাড়ি, গাড়ি ও অন্যান্য সুবিধামত একটি জাঁকজমকপূর্ণ ও বিলাসবহুল জীবনের জন্য দিশেহারা করে তুলেছে।

3. It is really a hard time, witnessing a famine of reading.

এই বাক্যটিকেও present participle ব্যবহার করে সংক্ষিপ্ত করা হয়েছে। বাক্যটির বিস্তৃত রূপ হচ্ছে-

"It is really a hard time which is witnessing a famine of reading."

⇒ অনুবাদ করলে দাঁড়ায়- "এ সত্যিই এক দুঃসময় যা পড়াশোনার দুর্ভিক্ষকে প্রত্যক্ষ করছে।"

তবে, এ অনুবাদটি তেমন শ্রুতিমধুর হচ্ছে না। বরং বাক্যটির মূলভাব অক্ষুণ্ন রেখে চমৎকার ভাবানুবাদ করা সম্ভব।

- ♦ এখানে 'famine' মানে দুর্ভিক্ষ বা প্রচুর অভাব। অর্থাৎ পড়াশোনার অভ্যাস বিলীন হওয়ার পথে।

সহজ ভাষায় অনুবাদ করলে:

এ সত্যিই এক দুঃসময় যখন পড়াশোনার অভ্যাস প্রায় হারিয়েই যাচ্ছে।

4. Reading books and other materials of learning makes individuals enlightened, elevating their level of intelligence.

বাক্যটি একটু বড় হওয়ায়- প্রথমে আমরা মূল অংশের অনুবাদ করব-

Reading makes individuals enlightened = পড়া মানুষকে আলোকিত করে।

⇒ এরপর বলে দেওয়া আছে - কী পড়া মানুষকে আলোকিত করে?

- ♦ Reading books and other learning materials = বই ও অন্যান্য শিক্ষা-উপকরণ পড়া/পাঠ

⇒ এরপর বলে দেওয়া আছে কীভাবে আলোকিত করে?

- ♦ elevating their levels of intelligence

⇒ এই অংশের অনুবাদ একটু tricky। word-by-word অনুবাদ করলে দাঁড়াবে- 'তাদের বুদ্ধিমত্তার স্তরের উন্নতি ঘটিয়ে'। তবে, এতে বাক্যের সৌন্দর্য ব্যাহত হবে। এক্ষেত্রে, ভাবানুবাদ করাই শ্রেয়- 'তাদের বুদ্ধিমত্তার বিকাশ ঘটিয়ে'।

⇒ উল্লেখ্য যে, 'বুদ্ধিমত্তা'-এর সাথে 'বিকাশ' শব্দটি ব্যবহৃত হয়। তবে 'বুদ্ধিমত্তার স্তরের উন্নতি ঘটিয়ে' লিখলেও ভুল হবে না।

বাক্যাংশগুলো জুড়ে দিলে পুরো অনুবাদ হবে- বই ও অন্যান্য শিক্ষা-উপকরণ পাঠ ব্যক্তির বুদ্ধিমত্তার বিকাশ ঘটিয়ে তাকে আলোকিত করে।

TRANSLATION-02

Question: Poet Kazi Nazrul Islam called himself a "rebel", and declared that he would not cease to fight till all oppressions in the world had been put to an end. He made friends with terrorists, young men and women who believed in armed struggle. He sang opening songs at political gatherings, addressed large conferences and travelled the length and breadth of Bengal inspiring people wherever he went. He brought out a bi-weekly that breathed and preached violence. As a result, the British Government put him behind the prison bars. We have more than one reason to be grateful to Kazi Nazrul Islam.

cease	যুদ্ধ থামানো	gathering	সমাবেশ	bi-weekly	অর্ধসাপ্তাহিকী
oppression	নির্যাতন নিপাড়ন	address	বক্তৃতা দেয়া	inspire	অনুপ্রাণিত করা
put on an end	বন্ধ হওয়া	length and breadth	সর্বত্র	put someone behind prison	কারারুদ্ধ করা

and deprivation, violation of woman's rights in society, illiteracy or obsession in superstitions- these all are impediments in the way of capacity building. These hinder human welfare. More to say, these are things from the materialistic world and can be taken into account. Benefitting many by displeasing someone is not beyond the jurisdiction of social justice. Relative capability of individuals with groups as well as whether the opportunities for their value addition in social activities increase in number and quality or not - that is the main consideration.

N.B: এই অনুবাদটির বিস্তারিত ব্যাখ্যা পড়ার জন্য Exam Hall Approach for Translation অধ্যায়টি দেখুন।

Bangladesh Bank (AD-General) – 2017

Question: আঠারো/উনিশ শতকে ঢাকার একটি আলাদা জীবন ছিল। কিন্তু সমস্ত পূর্ববঙ্গ ছিল একটা অনগ্রসর ভূমি। বাংলার রাজধানী কলকাতা থাকায় সেখ নেই ছিল সমস্ত শিক্ষা-দীক্ষা, ব্যবসা-বাণিজ্য এবং সমৃদ্ধি। পূর্ব বাংলা থেকে সমস্ত অর্থ-সম্পদ চলে যেত কলকাতা কেন্দ্রিক জমিদারদের হাতে, যাদের অনেকেরই জমিদারি ছিল বাংলাদেশে। এই বঞ্চনার ইতিহাস দীর্ঘ হতে হতে কুঁড়ি শতকের ঘোড়ার দিকে ঢাকা কেন্দ্রিক একটা প্রবল আন্দোলন শুরু হলো নিজস্ব স্বাতন্ত্র্যের জন্য। সামগ্রিক দৃষ্টিকোণ থেকে ইংরেজ শাসকরাও বুঝতে পেরেছিলেন যে পূর্ববঙ্গ সত্যি সত্যিই বঞ্চনার শিকার হচ্ছে। তারা এও বুঝতে পেরেছিল যে এখানে সে অর্থে কোনো মধ্যবিত্ত শ্রেণিও নেই যারা তাদের নিজস্ব ব্যবসা-বাণিজ্য বিকশিত করতে পারে। আরেকটি বড় অভাব তারা চিহ্নিত করেছিল। সেটা ছিল শিক্ষার অভাব। এরপর ১৯০৫ সালে প্রথম যখন বঙ্গভঙ্গ হল তখন ঢাকা একটি প্রাদেশিক রাজধানীর মর্যাদা পেল। তখনই সত্যিকার অর্থে জেগে ওঠে ঢাকা। তখন সে সমস্ত বাঙালি ঢাকার বাইরে ছিল তাদের সৃষ্টি পড়তে শুরু করল ঢাকার দিকে। সেই সময়েই আসলে পূর্ববঙ্গের জাগরণ শুরু হয়।

অনগ্রসর	backward	বঞ্চনা	deprivation	জাগরণ	rise
দীক্ষা	initiation	অভাব	lack	ব্যবসা-বাণিজ্য	trade and commerce
জমিদারি	landlordship	প্রাদেশিক	provincial	বঙ্গভঙ্গ	Partition of Bengal

Solution: Dhaka had a unique way of life in eighteenth/nineteenth century. But the whole East Bengal was a backward region. As Kolkata was the capital of Bangla, all sorts of education and initiation, trade and commerce as well as prosperity were there. All the financial resources from East Bengal went into the hands of Kolkata-centric landlords, most of whom had landlordship in Bangladesh. After a prolonged history of deprivation, there started a strong Dhaka-centric movement for own identity at the onset of Twentieth century. From an overall point of view, the English rulers too realized that the people of East Bengal were truly being deprived. They also realized that there was no such middle-class community here who could develop trade and commerce of their own. They identified another big problem. It was lack of education. Then in 1905, Dhaka received the status of a provincial capital when the Partition of Bengal was implemented for the first time. Only then, there was a rise of Dhaka in the true sense. Then Dhaka caught the sight of the Bangalees living outside Dhaka. At that time, the rise of East Bengal actually started.

কঠিন বাক্যসমূহের ব্যাখ্যা

- আঠারো উনিশ শতকে ঢাকার একটি আলাদা জীবন ছিল।
 - ⇒ আলাদা জীবন = a unique way of life
 - ⇒ এখানে 'আলাদা জীবন' দ্বারা একটা স্বতন্ত্র জীবনধারা বুঝানো হয়েছে।
- কিন্তু সমস্ত পূর্ববঙ্গ ছিল একটা অনগ্রসর ভূমি।
 - ⇒ 'অনগ্রসর ভূমি' দ্বারা পিছিয়ে পড়া জনপদ বা অঞ্চল বুঝানো হয়েছে। **Backward region** এক্ষেত্রে সঠিক ভাবার্থ প্রকাশ করে।
- পূর্ব বাংলা থেকে সমস্ত অর্থ-সম্পদ চলে যেত কলকাতা কেন্দ্রিক জমিদারদের হাতে, যাদের অনেকেরই জমিদারি ছিল বাংলাদেশে।
 - ⇒ অর্থ-সম্পদ চলে যেত জমিদারদের হাতে = financial resources went into the hands of landlords.
 - ⇒ যাদের অনেকেরই জমিদারি ছিল বাংলাদেশে = most of whom had landlordship in Bangladesh.

অনুবাদ:

All the financial resources from East Bengal went into the hands of Kolkata-centric landlords, most of whom had landlordship in Bangladesh.

৪. এই বঞ্চনার ইতিহাস দীর্ঘ হতে হতে কুঁড়ি শতকের গোড়ার দিকে ঢাকা কেন্দ্রিক একটা প্রবল আন্দোলন শুরু হল নিজস্ব স্বাতন্ত্র্যের জন্য।

⇒ এই বঞ্চনার ইতিহাস দীর্ঘ হতে হতে = After a prolonged history of deprivation

*এখানে বুঝানো হয়েছে 'দীর্ঘ বঞ্চনার ইতিহাসের পরে বাংলাদেশে একটা প্রবল আন্দোলন শুরু হয়'।

⇒ কুঁড়ি শতকের গোড়ার দিকে = At the onset of Twentieth century

⇒ ঢাকা কেন্দ্রিক একটা প্রবল আন্দোলন শুরু হল = there started a strong Dhaka-centric movement

⇒ নিজস্ব স্বাতন্ত্র্যের জন্য = for own identity (এখানে স্বাতন্ত্র্য বলতে আত্মপরিচয়, স্বাধিকার এগুলো বুঝিয়েছে)

অনুবাদ:

After a prolonged history of deprivation, there started a strong Dhaka-centric movement for own identity at the onset of Twentieth century.

৫. আরেকটি বড় অভাব তারা চিহ্নিত করেছিল। সেটা হল শিক্ষার অভাব।

**এখানে 'বড় অভাব' বলতে বড় সমস্যা বুঝিয়েছে। problem identify করা হয়। প্রোডাক্ট এর ক্ষেত্রে gap identify করা হয়। অনুবাদের ক্ষেত্রে সবসময় মনে রাখতে হবে – যে ভাষায় অনুবাদ করছেন ঐ ভাষার ভাষারীতি অনুযায়ী অনুবাদ করতে হবে। ইংরেজিতে অভাব চিহ্নিত করা হয় না।

অনুবাদ: They identified another big problem. It was lack of education.

৬. ঢাকা জেগে উঠে = There was the rise of Dhaka

Bangladesh Bank (AD - Statistics) – 2017

Question: আধুনিক বিশ্বে শিক্ষাগত পরিবর্তন প্রক্রিয়া নানা কারণে গতিময় হয়ে উঠেছে। যোগাযোগ ও আদান-প্রদানের নতুন নতুন প্রযুক্তিগত মাধ্যম, আধুনিক পদ্ধতিতত্ত্ব, সর্বাধুনিক শিক্ষা উপকরণ ও শিক্ষা সমাজের প্রতিটি পর্যায়ে দ্রুত পরিবর্তন আনতে সক্ষম হচ্ছে। শিক্ষা হলো একটি সামাজিক প্রক্রিয়া- যে প্রক্রিয়ার দ্বারা সমাজশক্তির কর্তৃত্ব ব্যক্ত হয়। আমাদের সমাজে এই শক্তি রষ্ট্রকেও প্রভাবিত করে। আবার এদেশের শিক্ষার একটি বৃহত্তম অংশ রাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন পরিচালিত। তাই সরকার যে শিক্ষানীতি ধার্য করেন সেই নীতি স্বাভাবিকভাবে সমাজব্যবস্থার রূপান্তর ঘটাতে সক্ষম হয়। সামাজিক প্রক্রিয়া হিসেবে হিসেবে সমাজ পরিবর্তনে শিক্ষার ভূমিকার স্বীকৃতি আমরা আমেরিকান প্রয়োগবাদী শিক্ষা-দার্শনিক জন ডিউইয়ের আলোচনাতেও লক্ষ করি। তিনি বলেন, শিক্ষা কোন ভিত্তিহীন প্রক্রিয়া নয়, এটি সামাজিক প্রক্রিয়া। প্রক্রিয়াটি হলো একটি আদি-অন্তহীন গতি। এই গতি নিরবচ্ছিন্ন, সদা পরিবর্তনশীল। শিক্ষা কোনো কৃত্রিম গতি নয়। এটি মানবজীবনের স্বাভাবিক গতি-প্রক্রিয়া। এই প্রক্রিয়ার সাহায্যে সামাজিক পটভূমিকায় মানুষ তার জীবনকে পুনর্গঠন করে।

গতিশীল	dynamic	সর্বাধুনিক	latest	আদি-অন্তহীন	eternal
আদান-প্রদান	exchange	প্রয়োগবাদী	pragmatic	পটভূমি	background
পদ্ধতিতত্ত্ব	methodology	ভিত্তিহীন	baseless	পুনর্গঠন করা	reconstruct

Solution: In the modern world, the process of educational change has become dynamic due to different reasons. New technological mediums of communication and exchange, modern methodology, latest educational materials and education are being able to bring rapid change at every stage of society. Education is a social process through which the authority of the social force is expressed. This force in our society also influences the state. Again, a huge part of this country's education is operated under state control. So, the education policy that the government determines can easily transform the social system. The recognition of the role of education as a social process in changing the society can be noticed in the speech of John Dewey, a pragmatic American philosopher. He says, education is not a baseless process rather it is a social process. This process is an eternal dynamics. This dynamics is continuous and ever changing. Education is not an artificial dynamics. It is a natural dynamics of human life. With the help of this process, a man reconstructs his life on the social background.

Sentence Translation in Written Exams

Bangla To English (B2E)

☑ হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় - ১৮.০৯.২০২০

কিছু করার আগে ভালো করে ভেবে নাও।	Think carefully before doing anything. OR, Think carefully before you do anything.
তোমাদের গাছে কি অনেক আম আছে?	Are there a lot of apples on your trees?
এখন শরৎ কাল।	It is Autumn now.
তার একজোড়া সুন্দর জুতা ছিল।	She had a beautiful pair of shoes.
বাবা চাকরি থেকে অবসর নিয়েছেন।	Father has retired from the job.

☑ সমাজসেবা অধিদপ্তর (হাউজপ্যারেন্ট কাম টিচার/কম্পিউটার অপারেটর) - ২০২০

আমি ঢাকার টিকেট কিনেছি।	I have bought a ticket to Dhaka
অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়।	Death is better than dishonor.
আমি যদি রাজা হতাম।	If I were a king
রমনা পার্কের প্রাকৃতিক দৃশ্য বড়ই মনোরম।	The natural scenario of Ramna park is very pleasing
আমি সাত বছর যাবৎ ঘুরাঘুরি করছি।	I have been advocating for 7 years.

☑ Southeast Bank Ltd. (TAO)-05.04.2019

তার ব্যাংকে কোন টাকা নেই।	He has no money in his bank account.
সে কি চলে গেছে, না এখানে অপেক্ষা করছে?	Has he gone, or still waiting?
তোমাদের মধ্যে অনেকেই এই সমস্যাটির সম্পর্কে জানে।	Many of you know about this problem.
একজনের নামও এই তালিকায় আসেনি।	No one is in this list. / No one has been enlisted.

☑ জাতীয় বোর্ড (অফিস সহায়ক)- ০৮.০৩.২০১৯

অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু।	A friend in need is a friend indeed.
আয় বুঝে ব্যয় কর।	Cut your coat according to your cloth.
কৃষি শস্য উৎপাদনে বাংলাদেশ একটি স্বয়ংসম্পূর্ণ দেশ।	Bangladesh is a self dependent country in agricultural production.

☑ Islami Bank Bangladesh Ltd. (PO)- 04.03.2019

বাংলাদেশের অর্থনীতির সূচকসমূহ ক্রমাশঃ শক্তিশালী ও উর্ধ্বমুখী হচ্ছে।	The indexes of Bangladeshi Economy are going up gradually.
রাজনীতি এখন অনেকের জন্য বিভবৈভব অর্জনের হাতিয়ার।	Politics is now an instrument of attaining property for many.
বিদেশে অর্থপাচারের ফলে দেশে বিনিয়োগ বাধাগ্রস্ত হচ্ছে এবং দুর্নীতি উৎসাহিত হচ্ছে।	Investment is being hampered and corruption is being encouraged due to money laundering
সুশাসনের অভাব, অদক্ষ ব্যবস্থাপনা এবং খেলাপি ঋণের বৃদ্ধি ব্যাংকিং খাতের জন্য এখন অশনি সংকেত।	Now lack of good governance, inefficient management system, and increase of default loans are ominous signs for banking sector.
এ নিরাপত্তাহীনতার সংস্কৃতি হতে বাঁচার উপায় কী?	What is the way to get rid of the culture of insecurity?

Sentence Translation in MCQ Exams

Translation (Bangla to English)

S.L	Question	Solution	Exam
1.	তোমাকে ছাড়া আমার চলে না।	I cannot do without you.	BREB সহকারী ইনস্পেক্টর কো-অর্ডিনেটর-১৯
2.	অলস ব্যক্তি কখনো সুখী হয় না।	An idle man is never happy.	NATP এর ফিল্ড অ্যাসিস্টেন্ট-১৯
3.	তার কোনো জোরালো রাজনৈতিক আদর্শ নেই।	He has no political axe to grind.	BB (AD)-18, রপালী ব্যাংক অফিসার-১৯
4.	বাড়ো হাওয়াসহ বৃষ্টিপাত হলো।	It was drizzling with gusty wind.	বাংলাদেশ ব্যাংক, অফিসার-১৮
5.	চুন খেয়ে গাল পোড়ে, দই দেখলে ভয় করে।	A scalded dog fears cold water.	5 Bank Officer -18
6.	আমি যখন ছেলেটিকে দেখলাম, তখন সে কয়েক ঘণ্টা ধরে কাঁদছিল।	When I met the boy, he had been crying for several hours.	8 Bank SO-18
7.	চোরে চোরে মশতুত ভাই।	Birds of a feather flock together.	Sonali Bank SO (ICT)-18
8.	ছেলেটি কাঁদতে কাঁদতে আমার কাছে এলো।	The boy came to me crying.	১৬তম প্রভাষক নিবন্ধন-১৯
9.	শব্দটি কেটে দাও।	Pen through the word.	১৫তম শিক্ষক নিবন্ধন-১৯
10.	আমরা বিষয়টি আলোচনা করবো।	We shall discuss the matter.	১৫তম শিক্ষক নিবন্ধন-১৯
11.	আমি তাকে উপহাস করিনি।	I did not laugh at him.	১৫তম শিক্ষক নিবন্ধন (২)-১৯
12.	আমি তাকে নাচতে দেখলাম।	I saw her dancing.	পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৯
13.	তাহারা আসিতে রাজি হইলো না।	They refused to come.	পররাষ্ট্র মন্ত্রণালয়ের বক্তৃত্ত কর্মকর্তা-১৯
14.	আমি চা পান করি না।	I do not take tea.	প্রাথমিক সহকারী শিক্ষক (৩ পর্যায়)-১৯
15.	জিনিসের দাম হু হু করে বাড়ছে।	The price of essential goods is rising by leaps and bounds.	প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর-১৯
16.	তিনি ইংরেজির একজন বিদগ্ধ অধ্যাপক।	He is an erudite professor of English.	BBRT রপালী ব্যাংক (অফিসার)-১৯
17.	তুমি কি কখনো কক্সবাজার গিয়েছো?	Have you ever been to Cox's Bazar?	প্রাথমিক সহ-শিক্ষক (২য় ধাপ)-১৯
18.	মেয়েটি হাসতে হাসতে ঘরে ঢুকলো।	The girl entered the room laughing.	ডাক বিভাগের পোস্টাল অপারেটর-১৯
19.	কেটলিতে পানি টগবগ করছে।	The water is simmering in the kettle.	ডাক বিভাগের মেইন অপারেটর-১৯
20.	তার কোনো জোরালো রাজনৈতিক আদর্শ নেই।	He has no political axe to grind.	BBRT রপালী ব্যাংক (অফিসার)-১৯
21.	বাতিটি নিভিয়ে দাও।	Put out the light.	প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর-১৯
22.	ফুলটি ফুটি ফুটি করছে।	The flower is about to bloom.	COU A 19-200
23.	আমি চেষ্টার কোনো ত্রুটি করিনি।	I left no stone unturned.	CU (A) 19-20
24.	এটা একটা আষাঢ়ে গল্প।	It is a cock and bull story.	RU C 19-20
25.	আমি তোমার নিকট বিশেষ কৃতজ্ঞ।	I am much obliged to you.	মেডিকেল ভর্তি পরীক্ষা ১৮-১৯
26.	একজন নতুন শিক্ষার্থীকে ডাক্তার হবার জন্য পাঁচ বছর কঠোর পরিশ্রম করতে হয়।	An entrant requires to work hard for five years to become a physician.	মেডিকেল ভর্তি পরীক্ষা ১৮-১৯
27.	মেধার বলে একজন শিক্ষার্থী জীবনে সফল হয়।	A student succeeds in life by dint of merit.	পোস্টমাস্টার জেনারেল/পোস্টাল অপারেটর-১৬
28.	রাতের নিস্তর্রতায় সে একটি তীব্র চিৎকার শ্রুতে পেলো।	He heard a shrill cry in the still of the night.	বাংলাদেশ ব্যাংক (অফিসার) ১৯
29.	তুমি কি জানো সে কোথায় থাকে?	Do you know where he lives?	১৪তম শিক্ষক নিবন্ধন-১৭
30.	সে সাঁতার কাটতে জানে না।	He does not know how to swim.	প্রাথমিক সহকারী শিক্ষক-১৯৯৩, ১৪তম শিক্ষক নিবন্ধন-১৭

TOPIC-01: EIGHTH FIVE-YEAR PLAN

Question: ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ শেষ হয়েছে গত জুনেই। কিন্তু মহামারী করোনার কারণে সরকার ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা চূড়ান্ত করতে পারেনি। নতুন পরিকল্পনায় সরকার একটি সার্বজনীন স্বাস্থ্য বীমা স্কিম, এবং মহামারী থেকে সৃষ্ট অর্থনৈতিক পতন রোধে ও দারিদ্র্য বিমোচনে রপ্তানি ও অপ্রাতিষ্ঠানিক খাতে নতুন কর্মসংস্থান সৃষ্টির কৌশলকে গুরুত্ব দিচ্ছে। এছাড়া দারিদ্র্য দূরীকরণ ও বৈষম্য কমিয়ে আনতে মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থা এবং শিশুদের জন্য পুষ্টির যোগান নিশ্চিত করা, দরিদ্রদের জন্য নগদ অর্থ তহবিল, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও বিদ্যুতায়ন এবং আধুনিক কর ব্যবস্থা প্রবর্তনকে নতুন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। নতুন পরিকল্পনায় ২০২৫ সালের মধ্যে জিডিপি প্রবৃদ্ধি ৮.৫১ শতাংশে উন্নীতকরণ এবং গড় মূল্যস্ফীতি ৪.৮ শতাংশে নামিয়ে আনার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২০২৫ সালের মধ্যে মাথাপিছু আয় ৩ হাজার ১০৬ ডলারে উন্নীত করার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। পরিকল্পনাটিতে শ্রমভিত্তিক রপ্তানীমুখী শিল্প এবং কৃষিপণ্য বৈচিত্রকরণের মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির উপর জোর প্রদান করা হয়েছে। এছাড়াও পরিকল্পনাটিতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগসমূহে গতি আনয়ন করা এবং সেবাখাত ও জনশক্তি রপ্তানিকে শিল্পকে শক্তিশালীকরণের উপর গুরুত্বারোপ করা হয়েছে। বাংলাদেশকে উন্নত দেশের রূপান্তরের জন্য টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং রূপকল্প-২০৪১ অর্জনে নতুন পরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পরিকল্পনা চূড়ান্ত করা	finalise the plan	মূল্যস্ফীতি নামিয়ে আনা	cut inflation	বিদ্যুতায়ন	electrification
সার্বজনীন স্বাস্থ্য বীমা স্কিম	universal health insurance scheme	দরিদ্রদের জন্য নগদ অর্থ তহবিল	cash funds for the poor	শিশুদের জন্য পুষ্টির যোগান	nutrition for children
মহামারী থেকে সৃষ্ট অর্থনৈতিক পতন রোধ করা	redress the economic fallout from the pandemic	গ্রামীণ অবকাঠামো উন্নয়ন	development of rural infrastructure	শ্রমভিত্তিক রপ্তানীমুখী শিল্প	labour-based export-oriented industry

Solution: The term of the Seventh Five-Year Plan ended in June, but the government failed to finalise the eighth five-year plan by then because of coronavirus pandemic. The government is emphasising a universal health insurance scheme, and a strategy to create jobs in the export and informal sectors to redress the economic fallout from the pandemic and alleviate poverty, in the new plan. To address poverty and inequality, the new plan includes steps to ensure quality education and nutrition for children, cash funds for the poor, development of rural infrastructure, electrification, and introduction of a modern tax system. The plan aims to increase GDP growth to 8.51 percent by 2025 and cut inflation to 4.8 percent. It also sets a per capita income target of \$3,106. The plan emphasises inclusive growth through labour-based export-oriented industries and the diversification of agricultural products. Besides these, the plan stresses bringing dynamism in small and medium entrepreneurship, strengthening the services sector and labour export. The targets set in the new plan is very important in achieving the Sustainable Development Goals and the Vision 2041 to transform the country into a developed one.

TOPIC-02: BUDGET

TRANSLATION-01

Question: There is a lack of specific plans for the urban poor who have suffered severe income losses due to the Covid-19 outbreak. The proposed budget for the next fiscal year is different from any other years as the government emphasised life, livelihood, and healthcare instead of economic growth. The economy was about to be paralysed due to the prolonged 66-day shutdown. So the government should focus more on employment generation to help the economy recover from the stagnation. The number of extreme poor doubled thanks to the pandemic, but measures to help the new poor are not visible in the budgetary allocation. (Source: The Daily Star)

specific plan	সুনির্দিষ্ট পরিকল্পনা	prolonged 66-day shutdown	দীর্ঘ ৬৬ দিন কাজ বন্ধ থাকা	suffer severe income losses	উপার্জনের দিক থেকে চরমভাবে ক্ষতিগ্রস্ত হওয়া
urban poor	শহরে দরিদ্র	employment generation	কর্মসংস্থান সৃষ্টি	extreme poor	হতদরিদ্র/অতিদরিদ্র
recover the economy from stagnation	অচলাবস্থা থেকে অর্থনীতিকে পুনরুদ্ধার করা	emphasise life, livelihood, and healthcare	জীবন, জীবিকা এবং স্বাস্থ্য সেবার উপর গুরুত্বারোপ করা	thanks to the pandemic	Thanks to দ্বারা কোনকিছু দায়ী এমনটা বুঝানো হয়। অর্থ দাঁড়ায়ে-বৈশ্বিক মহামারির কারণে
paralyse	পঙ্গু হওয়া	proposed budget	প্রস্তাবিত বাজেট	budgetary allocation	বাজেট-বরাদ্দ

Solution: শহরের যেসব দরিদ্র মানুষ কোভিড-১৯ মহামারির কারণে উপার্জনের দিক থেকে চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার অভাব রয়েছে। পরবর্তী অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট যেকোন বছরের চেয়ে তিনু যেহেতু সরকার অর্থনৈতিক প্রবৃদ্ধির পরিবর্তে জীবন, জীবিকা এবং স্বাস্থ্য সেবার উপর গুরুত্বারোপ করেছে। দীর্ঘ ৬৬ দিন কাজ বন্ধ থাকার কারণে অর্থনীতি প্রায় পঙ্গু হতে চলেছিল। তাই এই অচলাবস্থা থেকে অর্থনীতিকে পুনরুদ্ধার করার জন্য সরকারকে কর্মসংস্থান সৃষ্টিতে আরও বেশি মনোযোগ দিতে হবে। বৈশ্বিক মহামারির কারণে অতিদরিদ্রের সংখ্যা দ্বিগুণ হয়েছে কিন্তু এই নতুন দরিদ্রদেরকে সাহায্য করার জন্য কোন পদক্ষেপ বাজেট-বরাদ্দে দৃশ্যমান হয়নি।

TRANSLATION-02

Question: Common sense dictates that the health sector should be a top priority one in the national budget, especially at a time when a lethal pandemic, the covid-19, has made the country's healthcare system go through its paces. Already into the fourth month of its encounter with this mortal threat to public health, which has meanwhile stretched the existing health service resources to their limits, it was only expected that public health will receive a shot in the arm in the proposed budget for the FY 2020-21. There are some cogent underlying factors cutting across the healthcare spectrum such as the private sector hospitals and the mounting out-of-pocket medical expenses of the citizens here which are perhaps the highest in the region. (Source: The Daily Star)

common sense dictates that	এটা সাধারণভাবে বোধগম্য যে	encounter with a mortal threat	মারাত্মক একটি হুমকির সম্মুখীন হওয়া	stretch something to its limit	কোন কিছুর উপর অসহনীয় চাপ সৃষ্টি করা
top priority sector	সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত খাত	existing health service resource	স্বাস্থ্যসেবায় বিদ্যমান সম্পদ	underlying factor	অন্তর্নিহিত কারণ, মূলে থাকা বা দায়ী উপাদান
lethal pandemic	মরণঘাতি মহামারী	cogent	অনিবার্য, প্রবল, জোরালো	mount	পরিমাণে বৃদ্ধি পেতে থাকা
make someone/ something go through his/its paces	কারণ বা কোনকিছুর সক্ষমতা যাচাই করা/ চ্যালেঞ্জের মুখে ফেলে দেওয়া	receive a shot in the arm	এমন কিছু পাওয়া যাতে আবার চাপ বা পুনরুজ্জীবিত হয়ে উঠে	cut across	জড়িত সব পক্ষকে ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত করে এমন
healthcare spectrum	স্বাস্থ্য সেবার বিস্তৃত পরিসর	out-of-pocket medical expenses	যে চিকিৎসা ব্যয় বীমার আওতাভুক্ত নয়		

Solution: এটা সাধারণভাবে বোধগম্য যে জাতীয় বাজেটে স্বাস্থ্যখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া উচিত, বিশেষ করে এমন সময়ে যখন মরণঘাতি মহামারী, কোভিড-১৯, দেশের স্বাস্থ্যসেবা ব্যবস্থার সক্ষমতাকে চ্যালেঞ্জের মুখে ফেলে দিচ্ছে। ইতিমধ্যে জনস্বাস্থ্যের জন্য মারাত্মক এই হুমকির সাথে মুখোমুখি হওয়ার চতুর্থ মাসে পদার্পণ হয়েছে। এটি স্বাস্থ্যসেবায় বিদ্যমান সীমিত সম্পদের উপর ইতিমধ্যে অসহনীয় চাপ সৃষ্টি করেছে। কেবল এটা প্রত্যাশা করা হয়েছিল যে ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে জনস্বাস্থ্যের জন্য এমন কিছু রাখা হবে যাতে এই খাত আবার চাপা হয়ে উঠে। স্বাস্থ্যসেবার বিস্তৃত পরিসরকে প্রভাবিত করার মূলে রয়েছে কিছু অনিবার্য উপাদান যেমন বেসরকারি খাতের হাসপাতালসমূহ এবং এখানকার নাগরিকদের জন্য ক্রমেই বাড়তে থাকা বীমা বহির্ভূত চিকিৎসা ব্যয় যা সম্ভবত এ অঞ্চলের মধ্যে সর্বোচ্চ।

TRANSLATION-03

Question: As the COVID-19 pandemic continues to ravage the health and safety of the citizens of Bangladesh, the economy plummets due to mandatory closure. Low income and labor-intensive jobs, which represent most of the informal sector and a significant share of SMEs, have been most affected. Many of these job losses are temporary and will come back as the economy opens. However, some of the job losses will be more permanent. According to CRI estimates, the “permanent” impact job loss estimates are 6 million, which would nearly double the unemployment rate. It would affect approximately 24 million people. The increased unemployment and lack of access to basic necessities has created a subsection of the poor named the “new poor”. These are people who have fallen back below the poverty-line due to income loss from COVID-19 related economic disruptions. The estimated number of new poor is 38 million - 27 million in rural areas and 11 million in urban areas. Therefore, this new poverty rate is estimated at 22.6%. When the existing 18.9% poor is added to the new poor, the poverty incidence jumps to 41.5%. Currently, the policymakers have planned to implement a combination of fiscal and monetary stimulus - collectively amounting to more than BDT100,000 crore (3.7% of GDP). However, a jobless recovery might put the progress of the past decade at risk, especially in the context of a country with a high youth population. More sector specific stimulus and a smart budget is required to create low skill low income jobs, which is very critical for inclusive growth. (Source: CRI Report)

economy plummets	অর্থনীতির দ্রুতপতন ঘট	low income and labor-intensive job	স্বল্প আয়ের এবং শ্রম-নিবিড় কাজসমূহ
lack of access to basic necessities	মৌলিক প্রয়োজন পূরণের অভাব	combination of fiscal and monetary stimulus	সমন্বিত রাজস্ব ও আর্থিক প্রণোদনা
ravage	ধ্বংসযজ্ঞ চালানো	jobless recovery	কাজবিহীন অর্থনৈতিক পুনরুদ্ধার
low skill low income jobs	স্বল্প দক্ষতার নিম্ন আয়ের চাকরি	sector specific stimulus	খাতভিত্তিক প্রণোদনা
inclusive growth	অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি	mandatory closure	বাধ্যতামূলক স্থগিতাবস্থা

Solution: যেহেতু কোভিড-১৯ মহামারী বাংলাদেশের নাগরিকদের স্বাস্থ্য ও সুরক্ষার উপর ধ্বংসযজ্ঞ চালাচ্ছে, তাই বাধ্যতামূলক স্থগিতাবস্থার কারণে অর্থনীতির দ্রুতপতন ঘটছে। স্বল্প আয়ের এবং শ্রম-নিবিড় কাজসমূহ যেগুলো অপ্রতিষ্ঠানিক খাত এবং এসএমইগুলির বড় একটি অংশ, সেগুলোই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এইসব হারানো কাজ/চাকরিসমূহের মধ্যে অনেকগুলোই অস্থায়ী এবং অর্থনীতি খোলার সাথে সাথে আবার ফিরে আসবে। তবে কিছু কাজ স্থায়ীভাবে হারিয়ে যাবে। সিআরআই-এর অনুমান অনুসারে, প্রায় ৬০ লক্ষ চাকরিজীবী স্থায়ীভাবে চাকরি হারাতে, যা বেকারত্বের হারকে প্রায় দ্বিগুণ করবে। আনুমানিকভাবে এটি প্রায় ২ কোটি ৪০ লক্ষ মানুষকে ক্ষতিগ্রস্ত করবে। বর্ধিত বেকারত্ব এবং মৌলিক প্রয়োজন পূরণের অভাব "নতুন দরিদ্র" নামে দরিদ্রদের একটি শ্রেণি তৈরি করেছে। এরা সেইসব লোক যারা কোভিড-১৯ জনিত অর্থনৈতিক সমস্যার কারণে আয় হ্রাসের ফলে দারিদ্র্যসীমার নিচে চলে গেছেন। নতুন দরিদ্রের আনুমানিক সংখ্যা ৩ কোটি ৮০ লক্ষ - গ্রামাঞ্চলে ২ কোটি ৭০ লক্ষ এবং শহরাঞ্চলে ১ কোটি ১০ লক্ষ। সুতরাং, এই নতুন দরিদ্রের হার ২২.৬ শতাংশ অনুমান করা হয়। যখন বিদ্যমান ১৮.৯ শতাংশ দরিদ্রকে নতুন দরিদ্রদের সাথে যুক্ত করা হয়, তখন দারিদ্র্যের হার ৪১.৫ শতাংশে উন্নীত হয়। বর্তমানে, নীতিনির্ধারকরা একটি সমন্বিত রাজস্ব ও আর্থিক প্রণোদনা বাস্তবায়নের জন্য পরিকল্পনা করেছেন যার পরিমাণ সম্মিলিতভাবে ১ লক্ষ কোটি টাকারও বেশি (জিডিপি-এর ৩.৭ শতাংশ)। তবে, একটি কাজবিহীন অর্থনৈতিক পুনরুদ্ধার বিগত দশকের অগ্রগতিকে ঝুঁকির মধ্যে ফেলতে পারে, বিশেষ করে বিশাল তরণ জনগোষ্ঠী সম্বলিত একটি দেশের প্রেক্ষাপটে। স্বল্প দক্ষতার নিম্ন আয়ের চাকরি তৈরি করতে আরও বেশি খাতভিত্তিক প্রণোদনা এবং একটি কার্যকরী বাজেটের প্রয়োজন, যা অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির জন্য খুবই গুরুত্বপূর্ণ।

TOPIC-03: COVID-19

TRANSLATION-01

Question: The world has finally got two Covid-19 vaccines, which are said to be highly effective. Will the people of Bangladesh have access to those as fast as they expect? Experts say there are challenges. The stunning results from Covid-19 vaccine trials by Pfizer-BioNTech and Moderna raised hopes across the world in the battle against the deadly virus, but experts find big challenges for Bangladesh to avail benefits

from the two vaccines due to its existing poor cold chain. They said the mRNA technology-based vaccines developed by Moderna and Pfizer need to be stored at minus 70-80 degrees Celsius temperature, but the country has a cold chain having the capacity of preserving life-saving drugs and children's vaccines at temperatures as low as minus 20 degrees Celsius under the Expanded Programme on Immunisation (EPI) framework. The experts said Bangladesh is also unlikely to be able to enhance its existing capacity for storing, transporting and distributing mRNA vaccines overnight as it is a very expensive and time-consuming process and the required number of refrigerators will not be found within a short time. Under the circumstances, they said, the country needs a prudent Covid-19 vaccine policy alongside keeping in touch with all other potential countries and originations that are conducting the phase-III trial of vaccine development so that a suitable vaccine can be procured and maintained using the existing cold chain capacity.

Covid-19 vaccines	কোভিড-১৯ টিকা	highly effective	খুবই কার্যকর	life-saving drugs	জীবন রক্ষাকারী ওষুধ
challenge	বাধা	raise hopes	আশা জাগানো	avail benefits	সুফল পাওয়া
time-consuming process	সময়সাপেক্ষ প্রক্রিয়া	procure and maintain	ক্রয় ও রক্ষণাবেক্ষণ করা	store, transport and distribute vaccines	টিকা সংরক্ষণ, পরিবহন ও বিতরণ করা
preserve	সংরক্ষণ করা	suitable vaccine	উপযুক্ত টিকা	as fast as they expect	প্রত্যাশা অনুযায়ী দ্রুত

Solution: শেষ পর্যন্ত বিশ্ব দুটি কোভিড-১৯ টিকা পাচ্ছে, যেগুলোকে খুবই কার্যকর বলা হচ্ছে। এসব টিকা বাংলাদেশের জনগণ কি তাদের প্রত্যাশা অনুযায়ী দ্রুত পাবে? বিশেষজ্ঞরা বলছেন যে, এ ক্ষেত্রে রয়েছে বাধা! ফাইজার-বায়োএনটেক এবং মডার্নার কোভিড-১৯ টিকার পরীক্ষা থেকে পাওয়া অত্যন্ত ফলাফল প্রাণঘাতী করোনভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে বিশ্বব্যাপী আশা জাগিয়ে তুলেছে। কিন্তু টিকা দুটি সংরক্ষণ করার জন্য যে কোল্ড চেইন (শীতল ব্যবস্থা) দরকার, তার অভাবকে বাংলাদেশের সুফল পাওয়ার ক্ষেত্রে বড় বাধা হিসেবে দেখছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, মডার্না ও ফাইজার যে এমআরএনএ প্রযুক্তিভিত্তিক টিকা তৈরি করেছে, তা সংরক্ষণ করতে হবে মাইনাস ৭০-৮০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায়। কিন্তু বাংলাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচির (ইপিআই) আওতায় জীবন রক্ষাকারী ওষুধ ও শিশুদের টিকা সংরক্ষণ ও বিতরণের জন্য যে ব্যবস্থা আছে, তার সর্বনিম্ন তাপমাত্রা হলো মাইনাস ২০ ডিগ্রি সেলসিয়াস। বিশেষজ্ঞরা আরও বলছেন, এমআরএনএ টিকা সংরক্ষণ, পরিবহন ও বিতরণের জন্য নিজেদের সক্ষমতা বাংলাদেশের রাতারাতি অর্জন করার সম্ভাবনা কম। কারণ এটি খুবই ব্যয়বহুল এবং সময়সাপেক্ষ প্রক্রিয়া। আর এজন্য প্রয়োজনীয় সংখ্যক রেফ্রিজারেটর স্বল্প সময়ে পাওয়া যাবে না। এমন পরিস্থিতিতে তারা বলছেন, বাংলাদেশের একটি বিচক্ষণ কোভিড-১৯ টিকা নীতি দরকার। পাশাপাশি অন্য যেসব সম্ভাব্য দেশ ও সংস্থা টিকা তৈরির জন্য তৃতীয় ধাপের পরীক্ষা চালাচ্ছে, তাদের সবার সঙ্গে যোগাযোগ রাখতে হবে। যাতে বিদ্যমান শীতল ব্যবস্থা ব্যবহার করে ক্রয় ও রক্ষণাবেক্ষণ করার মতো উপযুক্ত টিকা পাওয়া যায়।

TRANSLATION -02

Question: টিকাগুলো একবার হাতে পাওয়া গেলে এর ডোজ বিতরণের জন্য ইতোমধ্যে অগ্রাধিকার নির্ধারণ করেছে ভ্যাকসিন বিষয়ক বিশেষ কমিটি (নাইট্যাগ)। নাইট্যাগের রূপরেখা অনুসারে স্বাস্থ্যকর্মী ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ করোনা মহামারি মোকাবিলায় যারা ফ্রন্টলাইনে কাজ করছেন তারাই প্রথম অগ্রাধিকার পাবেন। নাইট্যাগ একাধিক জটিল রোগে আক্রান্ত এবং প্রবীণ নাগরিকদেরও অগ্রাধিকার ভিত্তিতে এ টিকা দেওয়ার পরামর্শ দিয়েছে। নাইট্যাগ বিনামূল্যে টিকা সরবরাহের সুপারিশ করেছে, তবে সরকার টিকার প্রতিটি ডোজের জন্য ৪-৫ ডলার সমতুল্য অর্থ নিতে চায়। প্রাথমিক পর্যায়ে বাংলাদেশ পর্যাপ্ত পরিমাণ টিকা নাও পেতে পারে। সুতরাং, এ মহামারি নিয়ন্ত্রণের জন্য আমরা যা পাই, তা সফলভাবে ব্যবহার করার জন্য যথাযথ পরিকল্পনা করা প্রয়োজন। কার্যকর টিকা সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণের জন্য সরকারের খুব শিগগিরই একটি জাতীয় কোভিড টিকা নীতিমালা তৈরি করা উচিত। দেশের মানুষের মধ্যে সংক্রমণের মাত্রা এবং তাদের শরীরে অ্যান্টিবডি উপস্থিতি সম্পর্কে প্রকৃত তথ্য জানতে আমাদের জাতীয় পর্যায়ে একটি জরিপ প্রয়োজন এবং মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা বিশ্লেষণের জন্য আমাদের র‍্যাপিড অ্যান্টিবডি টেস্ট করা প্রয়োজন। এটি টিকার প্রয়োজনীয় সংখ্যক ডোজ সম্পর্কে ধারণা পেতে এবং এর ন্যায্যসঙ্গত বিতরণের জন্য অগ্রাধিকার নির্ধারণে সহায়তা করবে। দক্ষতা ও সুরক্ষার স্তর, প্রাপ্যতা এবং সাশ্রয়ী - এ ধরনের কিছু নীতির ওপর ভিত্তি করে সরকারকে টিকা সংগ্রহ করতে হবে।

অগ্রাধিকার নির্ধারণ করা	set priority	একাধিক জটিল রোগে আক্রান্ত	people having comorbidities	দক্ষতা ও সুরক্ষার স্তর	efficiency and safety levels
-------------------------	--------------	---------------------------	-----------------------------	------------------------	------------------------------

স্বাস্থ্যকর্মী	health workers	টিকা সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ	procurement, storage and distribution of a vaccine	আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী	law enforcers
প্রাপ্যতা	availability	ন্যায়সঙ্গত বিতরণের	justified distribution	সাশ্রয়ী	affordability

Solution: National Immunisation Technical Advisory Groups (NITAGs) has already set priorities for the distribution of vaccine doses once those will be found. As per the outlines of NITAGs, those who are working on the frontline in tackling the corona pandemic, including the health workers and law enforcers, will get the first priority. They recommended giving the vaccine on a priority basis to the people having comorbidities and the senior citizens. NITAGs recommended providing the vaccine free of cost, but the government wants to take \$4-\$5 equivalent money for each dose of the vaccine. Bangladesh may not get sufficient doses of any vaccine at the primary stage. So, we need proper planning to successfully use whatever we get for controlling the pandemic. The government should formulate a national Covid vaccine policy very soon for procurement, storage and distribution of a suitable vaccine. We also need to conduct a national-level survey to know the actual data about the exposure levels and the presence of antibodies in people. We need the rapid antibody test to see the level of immunity people have. It'll help get an idea about the required doses of vaccine and set the priority for its justified distribution. The government must procure any vaccine based on some principles such as efficiency and safety levels, availability and affordability.

TRANSLATION -03

Question: Coronavirus is the latest topic globally and people are becoming scared day by day. It indeed is a matter of concern, but you do not have to be scared about it so much. This coronavirus is mainly carried by the animals and it can be transmitted from animals to animals, animals to humans and humans to humans. Similar kinds of viruses have also infected people in the past, and the world has contained its infection successfully. Coronavirus is mainly transmitted by inhalation and infects the respiratory tract, but not all infected people get the symptoms. Our body's immune system fights against this virus and we do not suffer, some people get mild sickness but mostly it is cleared by the immune system. A person who has a weak immune system or for some reason has compromised immune system e.g. has diabetes, respiratory diseases like asthma and chronic obstructive pulmonary disease, heart and kidney transplant, receiving chemotherapy or suffering from any sort of cancer are most vulnerable. Children and elderly people are also vulnerable due to relatively weaker immune system. The healthy adults are at low risk of infection.

(Source: The Daily Star)

matter of concern	দুশ্চিত্তার বিষয়	inhalation	নিঃশ্বাস	mild	হালকা বা মৃদু
transmit	ছড়ানো	respiratory tract	শ্বাসনালী	transplant	প্রতিস্থাপন
contain	রোধ করা	immune system	রোগ প্রতিরোধ ক্ষমতা		

Solution: করোনভাইরাস এখন বিশ্বব্যাপী সর্বশেষ আলোচিত বিষয় এবং সাধারণ লোকজন এ নিয়ে দিন দিন আতঙ্কিত হয়ে পড়ছে। প্রকৃতপক্ষে, এটি একটি দুশ্চিত্তার বিষয় কিন্তু এটি নিয়ে এতটা ভয় পাওয়ারও কিছু নেই। করোনভাইরাস মূলত প্রাণির মাধ্যমে ছড়ায় এবং প্রাণি থেকে প্রাণি, প্রাণি থেকে মানুষ, এবং মানুষ থেকে মানুষেও ছড়াতে পারে। অতীতেও লোকজন এই ধরনের ভাইরাসে আক্রান্ত হয়েছে, এবং সারাবিশ্বে সফলভাবে এই ধরনের সংক্রমণ রোধ করা হয়েছে। করোনভাইরাস মূলত নিঃশ্বাসের মাধ্যমে ছড়ায় এবং শ্বাসনালীকে সংক্রমিত করে, কিন্তু আক্রান্ত সকলের লক্ষণ প্রকাশ পায় না। আমাদের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা এর বিরুদ্ধে লড়াই করে এবং এর ফলে আমরা অসুস্থ হই না। কিছু মানুষ হালকা অসুস্থ হয় তবে বেশিরভাগ ক্ষেত্রেই আমাদের রোগ প্রতিরোধ ক্ষমতা ভাইরাস সংক্রমণকে পুরোপুরি প্রতিহত করে থাকে। তবে যেসব ব্যক্তির রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল অথবা ডায়াবেটিস, শ্বাসযন্ত্রের সমস্যা যেমন এজমা, ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ, হৃদপিণ্ড ও কিডনি প্রতিস্থাপন, কেমোথেরাপি গ্রহণ অথবা কোন ধরনের ক্যান্সারে আক্রান্ত হওয়ার ফলে রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয়ে গিয়েছে তারা সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছেন। শিশু ও বয়স্ক লোকেরাও তাদের দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতার জন্য ঝুঁকির মধ্যে রয়েছেন। তবে সুস্থ প্রাপ্তবয়স্কদের সংক্রমণের ঝুঁকি কম।

TOPIC-22: GRADUATION FROM LDC

Question: In 2018, Bangladesh qualified to be considered for graduation from the category of Least Developed Country (LDC) to a developing country, as it fulfilled all the criteria for graduation set by the United Nations. If everything goes well, Bangladesh will graduate in 2024. However, the inequality situation is getting worse with national income and wealth being concentrated among a few ultra-rich people. The other most pronounced dent to the economy has been done by the poor and declining performance of the banking sector. Saddled with huge non-performing loans, the sector has lost its shine over the last decade. Policies are being changed in favour of the powerful and benefits are being awarded to a selected few. The banking sector is now experiencing a liquidity crunch and credit to the private sector has declined. In order to make growth sustainable, it is time for the policymakers to broaden their horizon—towards making some visible changes through concrete reforms to the economy. The first area in need of reform is the tax system. A simple tax system without any fear will encourage taxpayers to pay voluntarily. Another important area for reform is the banking sector. The first and foremost element of any reform of the banking sector should begin with strengthening the central bank, i.e. Bangladesh Bank, by making it independent and sovereign—to take decisions on its own. In order to graduate smoothly, Bangladesh should take up the reform agenda seriously. (Source: Daily Star)

Graduation	উত্তরণ	Policymaker	নীতিনির্ধারক	Saddled	ভারাক্রান্ত
Criteria	শর্ত	Taxpayer	করদাতা	Sustainable	টেকসই
Concentrated	পুঞ্জীভূত	Dent	খাদ	Concrete reform	সুনির্দিষ্ট সংস্কার
Liquidity crunch	তারল্য সংকট	Declining	ক্রমাবনতিশীল	Voluntarily	স্বেচ্ছায়

Solution: ২০১৮ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের ক্যাটাগরি থেকে উন্নয়নশীল দেশের ক্যাটাগরিতে উত্তরণের জন্য যোগ্য বলে বিবেচিত হয়েছে যেহেতু এটি জাতিসংঘ কর্তৃক বেধে দেয়া উত্তরণের সব শর্ত পূরণ করেছে। সব ঠিকমত চললে ২০২৪ সালে বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হবে। তবে, কিছু অতি ধনী মানুষের কাছে আয় এবং সম্পদ পুঞ্জীভূত হওয়ার কারণে আয় বৈষম্যের অবস্থা দিন দিন খারাপ হচ্ছে। অর্থনীতির আরেকটি বড় খাদ তৈরি করেছে ক্রমাবনতিশীল ব্যাংকিং খাত। নন-পারফর্মিং ঋণের ভারে এই খাত গত এক দশকে তার চমক হারিয়েছে। কিছু প্রভাবশালী ব্যক্তির অনুকূলে নীতিতে পরিবর্তন আনা হচ্ছে এবং অল্পসংখ্যক নির্দিষ্ট ব্যক্তি উপকারভোগী হচ্ছে। ব্যাংকিং খাত তারল্য সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে এবং বেসরকারি খাতে ঋণের পরিমাণ হ্রাস পাচ্ছে। প্রবৃদ্ধিকে টেকসই করতে হলে নীতিনির্ধারকদেরকে তাদের চিন্তার জগতকে প্রসারিত করতে হবে এবং অর্থনীতিতে কিছু সুনির্দিষ্ট সংস্কারের মাধ্যমে দৃশ্যমান পরিবর্তন করতে হবে। প্রথম যে সংস্কার করা প্রয়োজন তা হল কর ব্যবস্থা। ভয়ভীতিহীন একটি সহজ কর ব্যবস্থা করদাতাদেরকে স্বেচ্ছায় করপ্রদানে উৎসাহিত করবে। আরেকটি গুরুত্বপূর্ণ সংস্কারখাত হচ্ছে ব্যাংকিং খাত। ব্যাংকিং খাতের সংস্কারের প্রথম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে কেন্দ্রীয় ব্যাংককে শক্তিশালী করতে হবে অর্থাৎ বাংলাদেশ ব্যাংককে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে স্বাধীন এবং সার্বভৌম করতে হবে। মসৃণভাবে উত্তরণের লক্ষ্যে বাংলাদেশকে অত্যন্ত গুরুত্বের সাথে সংস্কার এজেন্ডাগুলো গ্রহণ করতে হবে।



“It always seems impossible until it's done.”

-Nelson Mandela